



APONZONE



স্মৃতির প্রেক্ষাপটে বর্ষ পরিক্রমা- ২০২৩ সম্পাদকীয়



গ্রাম পঞ্চায়েতের অ্যাকাউন্ট থেকে বিপুল টাকা গায়েব

৩ জানুয়ারি, ২০২৪

১৭ পৌষ ১৪৩০ ২০ জমাদিউস সানি, ১৪৪৫ হিজরি

জাইদল হক

সাধারণ



খেলতে খেলতে

ইনসাফের পক্ষে নিভীক কণ্ঠস্বর Bengali Daily

Vol.: 19 ■ Issue: 03 ■ Daily APONZONE ■ 3 January 2024 ■ Wednesday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 6 ■ www.aponzonepatrika.com/epaper.php

'বন্দেমাতরম', 'সূর্য নমস্কার'-এর পথেই কি 'বাংলার মাটি, বাংলার জল' গানের পংক্তি? উঠছে মুসলিমদের 'হে ভগবান' শব্দ বলা নিয়ে

বাংলার মাটি, বাংলার জল,

বাংলার বায়ু, বাংলার ফল

পুণ্য হউক পুণ্য হউক

পুণ্য হউক হে ভগবান।।

वाश्लात घत. वाश्लात शह.

বাংলার বন, বাংলার মাঠ

পূর্ণ হউক পূর্ণ হউক

পূর্ণ হউক হে ভগবান।।

বাঙালির পণ, বাঙালির আশা,

বাঙালির কাজ, বাঙালির ভাষা

সত্য হউক সত্য হউক

সেনা নিয়োগে ১০০ কোটির দুর্নীতি কেন্দ্রের:

প্রথম নজর

কংগ্ৰেস



আপনজন ডেস্ক: মোদি সরকারের বিরুদ্ধে ১০০ কোটি টাকার সেনা নিয়োগ কেলেঙ্কারির অভিযোগ এনেছে কংগ্রেস। মঙ্গলবার নয়াদিল্লিতে কংগ্রেস সদর দফতরে আয়োজিত এক সংবাদ সম্মেলনে কংগ্রেসের প্রাক্তন সামরিক বিভাগের জাতীয় সভাপতি কর্নেল (অব.) রোহিত চৌধুরী বলেন, অগ্নিপথ প্রকল্প চালু করার আগে, সেনাবাহিনী, বিমান বাহিনী এবং নৌবাহিনীতে দেড় লক্ষেরও বেশি যুবকদের নির্বাচিত করা হয়েছিল। কিন্তু অগ্নিপথ প্রকল্প চালু করার পরে, মোদী সরকার তাদের স্বপ্নকে ভেঙে দিয়েছে। নির্বাচিত হয়েও দেড় লাখের বেশি যুবককে জয়েনিং লেটার দেয়নি মোদি সরকার। আবেদনকারীদের কাছ থেকে প্রতি ফর্ম ২৫০ টাকা নেওয়া হয়েছিল। খামার ফি'র নামে ৫০ লাখের বেশি শিশুর কাছ থেকে নেওয়া হয়েছে ১০০ কোটি

দিনটি পালন করতে প্রস্তাব দেন আপনজন ডেস্ক: রাজ্য রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বিধানসভায় আগেই প্রস্তাব পাশ বন্দ্যোপাধ্যায়। এ নিয়ে শাসক দল হয়েছিল, এবার রাজ্য সরকারের তরফে নির্দেশিকা জারি হল বাংলার তৃণমূল কংগ্রেস ও বিরোধী দল নিজস্ব জাতীয় সঙ্গীত এবং রাজ্য বিজেপির বিধায়কদের মধ্যে তুমুল দিবস পালন নিয়ে। শনিবার বিতর্কও হয়। শেষমেষ সংখ্যাগরিষ্ঠ রাজ্যের মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী ভোটে মমতা বন্দ্যোপাধ্যায়ের তোলা প্রস্তাব পাশ হয়। উল্লেখ্য এক নির্দেশিকায় বলা হয়েছে, রাজ্য সরকারের সমস্ত অনুষ্ঠান, কর্মসূচির বিভিন্ন রাজ্যে তাদের রাজ্য নিয়ে শুরুতে গাইতে হবে 'রাজ্য সঙ্গীত'। একটি বিশেষ দিন পালন করা হয়। তবে পশ্চিমবঙ্গে 'পশ্চিমবঙ্গ দিবস' এর পাশপাশি প্রতি বছর 'পয়লা পালনের জন্য কোনো নির্দিষ্ট দিন বৈশাখ'-এ যথাযথ শ্ৰদ্ধা এবং মর্যাদার সঙ্গে 'রাজ্য দিবস' ছিল না। আর তাই নিয়ে একটি পালনের কথাও বলা হয়েছে। নির্দিষ্ট দিনকে পশ্চিমবঙ্গ দিবস মুখ্যসচিবের নির্দেশিকায় আরও হিসেবে পালন করার জন্য মুখ্যমন্ত্ৰী মমতা বন্দ্যোপাধ্যায় এদিন জানা গেছে রাজ্যের গরিমা, সংস্কৃতি, ঐতিহ্যের কথা মাথায় রাজ্য বিধানসভার অধিবেশনে রেখে দীর্ঘদিন ধরেই 'রাজ্য দিবস' প্রস্তাব দেন, প্রতিবছর পালিত হবে এবং 'রাজ্য সঙ্গীত'-এর প্রয়োজন রাজ্যের দিবস। তিনি এটাকে 'বাংলা দিবস' হিসেবে অভিহিত অনুভূত হয়। পয়লা বৈশাখকে করেন। দুপরে এই প্রস্তাব নিয়ে 'রাজ্য দিবস' ঘোষণা করা হলেও তাকে বলা হবে 'বাংলা দিবস'। তৃণমূল কংগ্রেস ও বিরোধী দল কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের বিজেপির বিধায়কদের মধ্যে তুমুল 'বাংলার মাটি, বাংলার জল'-কে বাগ্বিতণ্ডা হয়। অবশেষে ২৯৪ 'রাজ্য সঙ্গীত' ঘোষণা করা হয়েছে। আসনের বিধানসভায় ১৬৭-৬২ রাজ্য সরকারের সমস্ত অনুষ্ঠান, ভোটে রাজ্য সরকারের প্রস্তাবটি কর্মসূচির শুরুতে ১ মিনিট ৫৯ পাশ হয়। ভোটদানে বিরত থাকেন সেকেন্ড ধরে গাইতে হবে 'রাজ্য আইএসএফ বিধায়ক নওশাদ সঙ্গীত'। অনুষ্ঠানের শেষে গাইতে সিদ্দিকী। এছাড়া, রবীন্দ্রনাথ হবে 'জাতীয় সঙ্গীত'। এই দুটি ঠাকুরের 'বাংলার মাটি, বাংলার গানই উঠে দাঁড়িয়ে সকলকে জল' গানটি রাজ্যের গান হিসেবে প্রস্তাব পাশ হয়। যদিও গত ২৯ আগস্ট বিকেলে এই নাম নিয়ে

রাজ্য সরকারের বিজ্ঞপ্তি : বাংলার মাটি বাংলার জল বৈঠকে রাজনৈতিক দলসহ

সামাজিক, সাংস্কৃতিক, ক্রীড়া সহ বিভিন্ন সংগঠনের প্রতিনিধিরা যোগ দেন। অনুপস্থিত থাকেন বিজেপি, কংগ্রেস এবং বাম প্রতিনিধিরা। এই বৈঠকে আলোচনায় অংশ নেন কলকাতার বিশিষ্টজনেরাও। বৈঠকে পশ্চিমবঙ্গ দিবস পালনের জন্য অধিকাংশ বিশিষ্টজনেরা পয়লা বৈশাখ পশ্চিমবঙ্গ দিবস পালনের পক্ষে সায় দেন। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজে সম্প্রতি ২৯তম চলচ্চিত্র উৎসবের উদ্বোধনেও 'বাংলার মাটি বাংলার জল'-এ গলা মেলান। তারই ফলশ্রুতিতে ৩০ ডিসেম্বর রাজ্যের মুখ্যসচিব নির্দেশিকা জারি করে 'রাজ্য সঙ্গীত' ও 'রাজ্য দিবস' পালনের

সত্য হউক, হে ভগবান।। পাশাপাশি ছত্তীসগঢ়, গুজরাত, কর্নাটক, মধ্য প্রদেশ, মহারাষ্ট্র, মণিপুর, তামিলনাডু-সহ আরও বেশ কয়েকটি রাজ্যের নিজস্ব সঙ্গীত আছে। মুখ্যমন্ত্ৰী মমতা বন্দ্যোপাধ্যায় এ নিয়ে আগেই দাবি করেছিলেন বাংলায় সব ধর্মের শান্তিপূর্ণ সহাবস্থান। এখানে বৈচিত্রের মধ্যে ঐক্য এবং আমি সব অনুষ্ঠানে অংশগ্রহণ করি। হিন্দু-মুসলিম-আদিবাসী সহ সকলের ভালো-মন্দ দেখার সব দায়িত্ব আমার যাতে তারা সমান সুযোগ পায়। কিন্তু কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের


'বাংলার মাটি, বাংলার জল'–কে 'রাজ্য সঙ্গীত' ঘোষণা করা নিয়ে মুখ্যমন্ত্রীর সেই সম্প্রীতির বার্তায় কুঠারাঘাত করছে বলে অভিযোগ

উঠতে শুরু করেছে। বিশেষ করে সংখ্যালঘু মহল থেকে। এর আগে যেভাবে 'বন্দেমারতম' গাওয়া নিয়ে কিংবা আজাদি কা অমৃত মহোৎসব উপলক্ষ্যে, কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক স্কুলে স্কুলে সূর্য নমস্কার করানো নিয়ে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে অভিযোগ উঠেছে, ঠিক একইভাবে প্রশ্ন উঠেছে 'বাংলার মাটি, বাংলার জল' গানের কলি নিয়ে। বন্দেমাতরম নিয়ে মুসলিমদের তরফে আপত্তি ওঠে ভারতমাতাকে বন্দনা করার নিয়ে। মুসলিমরা মনে করে আল্লাহ ছাড়া কারও বন্দনা করা ইসলামি বিরোধী কাজ। একইভাবে স্কুলে সূর্য নমস্কার করানোর সিদ্ধান্ত নিয়েও সেই ধরনের প্রশ্ন ওঠে। উল্লেখ্য, স্বাধীনতার ৭৫ বছর উদযাপনের অংশ হিসেবে আজাদি কা অমৃত মহোৎসব-এ স্কুলগুলিতে পড়ুয়াদের বাধ্যতামূলকভাবে সূর্য নমস্কার করে কেন্দ্রীয় সরকার। আজাদি কা অমৃত মহোৎসব উপলক্ষ্যে, কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক স্কুলে স্কুলে সূর্য নমস্কার করানোর সিদ্ধান্ত নিয়েছে। প্রথম পর্যায়ে দেশের ৩০ হাজার স্কুলে এই উদ্যোগ নেওয়া হবে বলে জানা গিয়েছে। ১ থেকে ৭ জানুয়ারি সেই কর্মসূচী চলবে। পাশাপাশি ২৬ জানুয়ারি সূর্য নমস্কার নিয়ে একটি কনসার্টের আয়োজন করার কথাও বলে কেন্দ্র। মোদী সরকারের এই


সিদ্ধান্ত অসাংবিধানিক ও

বিরোধিতা করে অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল বোর্ড। এবার 'বাংলার মাটি, বাংলার জল' গানে 'ভগবান' শব্দটি নিয়েই মূলত আপত্তি উঠেছে। যদিও মুসলিম মহলটি বলছে, রবীন্দ্রনাথের বহু কবিতা রয়েছে যেগুলি বাংলার ঐতিহ্য বহন করছে। বাংলাদেশে রবীন্দ্রনাথের 'আমার সোনার বাংলা' জাতীয় সঙ্গীত। তা নিয়ে অবশ্য এ ধরনের কোনও আপত্তি ওঠেনি। আপত্তির মূলে 'বাংলার মাটি, বাংলার জল' গানটিতে বারে বারে উল্লেখিত 'ভগবান' শব্দটি নিয়ে। 'বাংলার মাটি, বাংলার জল' গানটিতে লেখা হয়েছে: 'বাংলার মাটি, বাংলার জল, বাংলার বায়ু, বাংলার ফল পূণ্য হউক পূণ্য হউক পুণ্য হউক হে ভগবান। বাংলার ঘর, বাংলার হাট, বাংলার বন, বাংলার মাঠ পূর্ণ হউক পূর্ণ হউক পূর্ণ হউক হে ভগবান। বাঙালির পণ, বাঙালির আশা, বাঙালির কাজ, বাঙালির ভাষা সত্য হউক সত্য হউক সত্য হউক, হে ভগবান। বাঙালির প্রাণ, বাঙালির মন, বাঙালির ঘরে যত ভাই-বোন এক হউক এক হউক এক হউক হে ভগবান।' রাজ্য সরকার এই গানটি বাধ্যতামূলক করায় হিন্দু, মুসলিম,

মানুষজনকে গাইতে হবে। মুসলিমরা বারে বারে 'হে ভগবান' শব্দটি বলতে নারাজ। অনেকে বলছেন, 'বন্দেমাতরম' বা 'সূর্য নমস্কার'-এ ঈশ্বর বন্দনার কথা থাকায় মুসলিমরা তাই গাইতে অস্বীকার করে। 'বাংলার মাটি. বাংলার জল' গানটিতেও 'হে ভগবান' কথাটি মুসলিমরা বার বার গাইবেন কিনা তা নিয়ে সন্দেহ দেখা দিয়েছে। মুসলিমদের তরফে প্রশ্ন তোলা হচ্ছে, কোনও গানের অংশে যদি 'আল্লাহ' শব্দ থাকে তহালে কি সেই গান বা কবিতার কলি অন্য সম্প্রদাযের মানুষজন গাইতে চাইবেন। যদিও এ নিয়ে সেভাবে মুসলিম জনপ্রতিনিধিদের তরফে এখনও কোনও প্রতিবাদ উঠতে দেখা যায়নি। ধীরে ধীরে ক্ষোভ সৃষ্টি হচ্ছে মুসলিম সমাজে। মুসলিমদের তরফে জোরাদার আপত্তি উঠলে ওই গানটির পরিবর্তে অন্য গান নির্বাচিত করলে সেক্ষেত্রে বিজেপি শোরগোল তুলতে পারে। তাই গানটি নির্বাচনের আগে সব ধর্মের মানুষের কথা চিন্তা করলে এই বিতর্কে পড়তে হত না তৃণমূল সরকারকে। আগামী লোকসভা নির্বাচনের আগে এ নিয়ে মুসলিমদের মধ্যে ক্ষোভ ত্বরান্বিত হলে তা যে তৃণমূলে কংগ্রেসের জন্য সুখকর হবে না তাতে কোনো সন্দেহ নেই।



মুফতি লিয়াকত আলি



পথ নির্দেশ: বাসে, অটোয় গড়িয়া, কামালগাজি, সোনারপুর, বারুইপুর হইতে মালঞ্চ ফাঁড়ি নেমে কিংবা ট্রেনে ডায়মন্ডহারবার, লক্ষ্মীকান্তপুর, বারুইপুর লোকালে মল্লিকপুর নেমে রিকশায় বা হাঁটা

পথে ১০ মিনিট দক্ষিণ চৌহাটি মদিনা নগর মিশন।

মাওলানা ইমাম হোসেন মাযাহারী



প্রথম নজর

রনডিহা জলাধারে দুই ডুবন্ত পর্যটক জীবন্ত উদ্ধার



সঞ্জীব মল্লিক 🗕 বাঁকুড়া **আপনজন:** স্নান করতে নেমে রনডিহা জলাধারের জলে ডুবেছিলেন দুই পর্যটক, মৎস্যজীবীদের তৎপরতায় প্রাণে বাঁচল দুই পর্যটকই । স্নান করতে নেমে বাঁকুড়ার রণডিহা জলাধারের জলে তলিয়ে যাচ্ছিলেন দুই পর্যটক । স্থানীয় মৎস্যজীবীদের তৎপরতায় দুজনই প্রাণে বাঁচল । বাঁকুড়ার অন্যতম পর্যটন কেন্দ্র রণডিহা জলাধার । দামোদর নদের উপর থাকা সোনামুখী ব্লকের এই রনডিহা জলাধারে সারাবছরই আনাগোনা লেগে থাকে পর্যটকদের । ২৫ ডিসেম্বর থেকে ১ জানুয়ারি পর্যন্ত এই জলাধার ছিল পর্যটক ও পিকনিক প্রেমী মানুষের ভিড়ে ঠাসা। গতকাল এমনই পিকনিক করতে আসা দুই যুবক রনডিহা জলাধারে স্নান করতে নেমে অসাবধানতার কারনে জলে তলিয়ে যেতে থাকে। বিষয়টি নজরে আসে স্থানীয় মৎস্যজীবীদের । দ্রুত নৌকা নিয়ে তাঁরা ঘটনাস্থলে ছুটে গিয়ে ডুবন্ত ওই দুই যুবককে কোনোক্রমে প্রাণে বাঁচান।

মুখ্যমন্ত্রীর সভার প্রস্তুতি তুঙ্গে বহডুতে



মোমিন আলি লস্কর

জয়নগর আপনজন: জয়নগর থানার অন্তর্গত জয়নগর এক নম্বর ব্লকে বহড়ু স্কুল মাঠে ৪ ঠা জানুয়ারি মুখ্যমন্ত্ৰী মমতা বন্দ্যোপাধ্যায় প্রশাসনিক সভা বাতিরের পর সেটি হবে ৯ জানুয়ারি ২০২৪ বেলা ১২ টা সময়। মুখ্যমন্ত্রী আসাকে কেন্দ্র করে চারিদিকে পুলিশের কড়া নিরাপত্তা ব্যবস্থা জোরকদমে করা হয়েছে। সেই সঙ্গে জয়নগর কেন্দ্রের ও কুলতলী কেন্দ্রের এবং বারুইপুর পূর্বের বিধান সভাকেন্দ্রের প্রতিটি বুথে বুথে বিধায়কদের নেতৃত্বে বুথে যুব, মাদার, জয়হিন্দ বাহিনী, সহবিশিষ্ট ব্যক্তিরা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জয়নগর বহডু স্কুল মাঠে মিটিংয়ের প্রস্তুতি দেখতে

বছরের অর্ধেক দিন বিনামূল্যে শিক্ষাদানের জন্য স্কুলের সূচনা



নাজিম আক্তার 🗕 হরিশ্চন্দ্রপুর আপনজন: জীবনের উন্নয়নের প্রধান সোপানই হল শিক্ষা।তাই ক্লাবাঙ্গন এখন শিক্ষাঙ্গন।এলাকার শিশুদের কথা ভেবে ক্লাবের মধ্যেই গড়ে তোলা হল স্কুল।ক্লাবের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন এলাকার মানুষজন।হরিশ্চন্দ্রপুর থানার তুলসীহাটা গ্রাম পঞ্চায়েতের পাড়ো বিপ্লবী ক্লাবের উদ্যোগে মঙ্গলবার ফিতা কেটে 'নিবেদীতা চিলদ্রেন অ্যাকাডেমী' নামে এক নার্সারী স্কুলের শুভ সূচনা করা হয়। অঙ্কুর থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত শিশুদের পঠনপাঠনের সুব্যবস্থা করা হয়েছে। বছরের ছয়মাস বিনামূল্যে শিশুদের শিক্ষাদান করা হবে বলে জানান ক্লাব কর্তৃপক্ষ।পিছিয়ে পড়া শিশুদের জন্য রবিবার করে বিনামূল্যে

বিশেষ কোচিং এর ব্যবস্থা করা হয়েছে।এই ক্লাবকে বরাবরই দেখা গেছে মানুষের পাশে দাঁড়াতে।বস্ত্র দান,ব্লাড ডোনেশন ক্যাম,অসহায় মেয়েদের বিয়ে দেওয়া প্রভৃতি সারা বছর ধরেই সেবামূলক কাজ করে থাকেন তাঁরা।এবার তাঁরা শিক্ষার দিকে এগিয়ে চলেছে।এদিন উপস্থিত ছিলেন তুলসীহাটা গ্রাম পঞ্চায়েতের প্রধান সুমা খাতুন এর স্বামী তথা সমাজসেবক দিল রোজ সহ স্থানীয় অভিভাবকেরা।এই ক্লাবের এক সদস্য নাসিম আক্তার জানান, এলাকার দুঃস্থ পরিবারের শিশুদের কথা ভেবে এই স্কুল খোলা হয়েছে।কেউ যাতে প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত না হয় তার জন্য বছরে ছয় মাস বিনামূল্যে শিশুদের শিক্ষাদান করা হবে।আর বাকি ছয়

মাস নামেমাত্র বেতন নেওয়া হবে।

মিলন উৎসব উপলক্ষ্যে বিত্ত নিগমের আলোচনা



মনিরুজ্জামান ও ইস্রাফিল বৈদ্য 🔵 কলকাতা আপনজন: মুখ্যমন্ত্ৰী মমতা বন্দ্যোপাধ্যায়েরা ইচ্ছায় বৈচিত্র্যের মাঝে মহামিলনের উৎসব মিলন উৎসব ২০২৪ অনুষ্ঠিত হতে চলেছে পার্ক সার্কাস ময়দানে আগামী ২৬ জানুয়ারী।অনুষ্ঠানের প্রস্তুতি হিসাবে সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগমের চেয়ারম্যান পিবি সেলিমের নির্দেশে মঙ্গলবার এক আলোচনা সভা অনুষ্ঠিত হয় সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগমের সন্টলেক অফিসে। জানা গেছে, চলতি মাসের ২৬ জানুয়ারি অনুষ্ঠানের শুরু হয়ে চলবে ৩০ জানুয়ারী পর্যন্ত। মিলন উৎসবে পশ্চিমবঙ্গের বিভিন্ন সম্প্রদায়ের নিজস্ব কূটীর শিল্প,খাবারদাবার এবং সাংস্কৃতির

মেলবন্ধন দেখা যায়।বিশেষ আকর্ষণ হিসাবে হস্তশিল্প,সামাজিক মাধ্যম সম্পর্কিত সচেতনতা শিবির,কেরিয়ার স্টল, কেরিয়ার কাউন্সেলিং স্বাস্থ্য পরীক্ষা শিবির,বিজ্ঞান প্রদর্শনী, জব মেলা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রতিযোগিতা মঙ্গলবার সল্টলেকের অম্বর ভবনে

অনুষ্ঠিত এই সভায় উপস্থিত ছিলেন সংস্থার ম্যানেজিং ডিরেক্টর মৃগাঙ্গ বিশ্বাস, জেনারেল ম্যানেজার তানিয়া পারভিন,সংখ্যালঘু উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান বিধায়ক মোসারফ হোসেন, উত্তর ২৪ পরগনা জেলা পরিষদের বন ও ভূমি স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ একেএম ফারহাদ,আবুল হোসেন, সাবির সিন্ধার্ধ গফফার, মারিয়া

ফার্নান্ডেজ সহ বিশিষ্টজনেরা।

বেস আন-নূর মডেল স্কুলে দুদিনের কর্মশালায় শিক্ষকরা হলেন শিক্ষার্থী

নিজস্ব প্রতিবেদক 🔵 বংশীহারি আপনজন: কেউ চার্ট পেপারে ভগ্নাংশ শেখানো যায় কীভাবে তা আঁকছেন, কেউ নাম্বার লাইনে যোগ-বিয়োগ শেখাতে ক্যালেন্ডারের সংখ্যা কেটে বসাচ্ছেন। আবার কেউ বা থার্মোকল কেটে ত্রিভুজ-বর্গক্ষেত্র ইত্যাদি দিয়ে পিথাগোরাসের উপপাদ্য শেখান। এই চিত্র অবশ্যই শিক্ষকদের। ব্যস্ত শিক্ষকরা মাথা খাটিয়ে বের করছেন কীভাবে তাঁদের পাঠদান আরো বেশি আনন্দময় করে তোলা যায়, ছাত্রদের জন্য তা আরো বেশি কার্যকর হয়। সরকারের সাহায্যপ্রাপ্ত নয় এমন ২৭টি স্কুল থেকে প্রায় ১৫০ জন শিক্ষক-শিক্ষিকা অংশগ্রহণ করেছিলেন দুদিনের কর্মশালায়। দক্ষিণ দিনাজপুরের বেস আন-নূর মডেল স্কুলে বছরের শেষে আয়োজিত হয়েছিল নিৰ্বাচিত শিক্ষক-শিক্ষিকাদের নিয়ে এক্সক্লুসিভ এডুকেশনাল ওয়ার্কশপ ফর আন-এডেড স্কুল টিচার্স ২০২৩। এই কর্মশালায় প্রশিক্ষণ দিতে দিল্লি থেকে উড়ে এসেছিলেন বিশিষ্ট কৃষি বিজ্ঞানী অধ্যাপক মতিয়ার রহমান খান, এছাড়াও ছিলেন বিশিষ্টলেখক ও সাংবাদিক

মিলন দত্ত, বিশিষ্ট বিজ্ঞান গবেষক



ও শিক্ষক ড. কমল কৃষ্ণ দাস এবং সাংবাদিক ও গণিত শিক্ষক নায়ীমুল হক। তাঁরা বললেন, শিক্ষাদান একটি চলমান প্রক্রিয়া, এর কোনো নির্দিষ্ট পদ্ধতি-প্রক্রিয়া থাকে না। শিক্ষার্থীদের মনে কৌতুহল সৃষ্টি করাই আমাদের সব থেকে বড় কাজ। 'কেন' আর 'কীভাবে' – এই প্রশ্ন শৈশবে যাদের মধ্যে আসে, নিশ্চিত ভাবে তারা বড় হয়। আমরা শিক্ষকরা যেন কখনোই না বলে দিই, কোনো অংক বা সমস্যার সমাধান কেবলমাত্র নির্দিষ্ট পদ্ধতিতেই করতে হবে। ওদেরকে চিন্তা করতে দিতে হবে, ওদের ভাবনাকে গুরুত্ব

দিতে হবে, ছাত্ৰ-ছাত্ৰীদের কাছ

থেকে শেখার মানসিকতা তৈরি করতে হবে শিক্ষকদের, অভিভাবকদেরও। দুদিনের এই কর্মশালায় পারস্পরিক আলোচনার বিষয়গুলি ছিল, ভাষায় দক্ষতা কীভাবে সৃষ্টি হয়, প্রকৃতি থেকে বিজ্ঞান, অংকের মজা –সবার জন্য-সর্বত্র ইত্যাদি। অংশগ্রহণকারীদর শুভেচ্ছা জানান গঙ্গারামপুর মহকুমা প্রশাসক পি. প্রমোথ, মহকুমা ক্রীড়া পরিষদের অন্যতম সদস্য বিভূতিভূষণ চক্রবর্তী, স্পেশাল এডুকেটর পুলকেশ রায় প্রমুখ। ব্যবস্থাপনায় ছিলেন আয়োজক সংস্থা নর্থ ইস্টার্ন ইংলিশ অ্যাকাডেমির সম্পাদক ও বিশিষ্ট শিক্ষক রাসনাউল আলম।

সাংগঠনিক বিষয়ে আলোচনার অধিকার আছে বক্সির: ফিরহাদ

আপনজন: তৃণমূল কংগ্রেসের সভাপতি সুব্রত বক্সি বিভিন্ন জেলার দ্বন্দ্ব মেটানোর লক্ষ্যে জেলা নেতৃত্বকে ডেকে পাঠানোর বিষয় নিয়ে দলের অন্তরে বিতর্ক শুরু হয়েছে বলে বিরোধীরা অভিযোগ এ প্রসঙ্গে মেয়র ফিরহাদ হাকিম

বলেন, সুব্রত বক্সি দলের সভাপতি বিভিন্ন জেলার দলীয় দ্বন্দ্ব থেকে শুরু করে সাংগঠনিক বিষয় আলোচনা করার অধিকার তার আছে। এটা তার দায়িত্ব ও কাজের মধ্যেই পড়ে। এই দায়িত্ব পালন করার জন্যই তাকে ওই দলীয় পদে রাখা হয়েছে। ফিরহাদ হাকিম মঙ্গলবার এক অনুষ্ঠানে হাজির হয়ে বক্তব্য রাখতে গিয়ে সুব্রত বক্সির কাজ নিয়ে শুরু হওয়া বিতর্কে তার পাশেই দাঁড়ান রাজ্যের মন্ত্রী তথা কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। অনুষ্ঠানের শেষে এ বিষয়ে ফিরাদ হাকিমকে প্রশ্ন করা হয় তৃণমূল

আপনজন: বাংলায় বিকল্প



কংগ্রেসে দলের সাংগঠনিক হ্রাস কি তবে শীর্ষ নেতৃত্বের হাত থেকে বেরিয়ে যাচ্ছে? এই প্রশ্নের উত্তরে ফিরহাদ বলেন, দলের রাস কোথাও যাচ্ছে না। দলনেত্রী তথা রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের হাতেই দলের সাংগঠনিক রাস ধরা আছে। তার নির্দেশে এবং নেতৃত্বেই দল সংগঠিত ভাবে এগিয়ে চলেছে।ফিরহাদকে প্রশ্ন করা হয় দলীয় নেতৃবৃন্দ থেকে শুরু করে

জেলা নেতৃবন্দের কাজকর্ম নিয়ে একের পর এক বিতর্ক কি জন্য

উত্তরে ফিরহাদ বলেন,দলে কোন বিতর্ক নেই। বিভেদ নেই। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে দল পুরোপুরি সঙ্ঘবদ্ধ। দল বড় হলে সেখানে আলাপ আলোচনা হবেই তা বলে দলের শৃঙ্খলা থাকবে না এমনটা নয়। তৃণমূল কংগ্রেসের সবটাই শৃঙ্খলা মেনেই হয় বলে দাবি করেন ফিরহাদ হাকিম।

বাংলায় বিকল্প রাজনীতি পোস্টার ঘিরে চাঞ্চল্য ডোমকল মহকুমায়

त्रा ख

রাজনীতি!সাতসকালে এমনই পোস্টার ঘিরে চাঞ্চল্য ছড়াল ডোমকল মহাকুমা জুড়ে। মঙ্গলবার সকালে ডোমকলের ইসলামপুর, জলঙ্গি গোয়াসের রানিনগরের বিভিন্ন এলাকায় রাস্তার ধারে এই পোস্টার দেখতে পায় পথচলতি মানুষেরা। তাতেই শোরগোল পড়ে যায় পথ চলতি মানুষের মধ্যে। অনেকের মধ্যেই কৌতুহল জাগে কেন এই পোস্টার। কারাই বা এই পোস্টার লাগিয়েছে? তাহলে কি ভোটের আগে রাজনীতির নতুন সমীকরণ খুঁজছে ডোমকল। প্রশ্ন ঘুরপাক খাচ্ছে পথ চলতি মানুষ থেকে রাজনৈতিক নেতাদের মধ্যেও। তেরাঙা ব্যাকগ্রাউন্ডের একটি পোস্টার। আর তারপর ওপর নীল আর সবুজ রঙে ছাপা রয়েছে 'বাংলায় বিকল্প রাজনীতি'। আর তাছাড়া পুরো পোস্টার জুড়ে নেই একটিও নাম। এইভাভেই ভাবেই ডোমকল মহকুমার ইসলামপুর, গোয়াস বিডিও অফিস মোড়, রানিনগর, জলঙ্গি জোটতলায় পড়েছে এই পোস্টার। কারা লাগিয়েছে . কোথায় থেকেই বা মুদ্রিত হয়েছে পোস্টার তার টু শব্দটিও লেখা নেই পোস্টার জুড়ে। তাতেই শোৱগোল শুরু হয়েছে জেলা জুড়ে। অনেকেই আবার এর সঙ্গে কৌস্তব বাগচীর একটি

পোস্টের মিল পাচ্ছেন।

নিজস্ব প্রতিবেদক

কলকাতা

ফেডারেশন-এর পশ্চিমবঙ্গ জোনের

পরিচালনায় শুরু হল একটি প্রবন্ধ

প্রতিযোগিতা। প্রবন্ধের বিষয়গুলি হলো যথাক্রমে : ১) আপনার

প্রচেষ্টার লক্ষ্য ২) ইসলাম ও নারীবাদ এবং ৩) সমাজ বিনির্মাণে শিক্ষা ব্যবস্থার রূপরেখা। প্রতিটি

বিষয় থেকেই প্রথম, দ্বিতীয় ও

তৃতীয় স্থানাধিকারীকে পুরস্কৃত করা

হবে ইনশাআল্লাহ। প্রথম পুরস্কার

থাকছে ১০০০০ টাকা, দ্বিতীয়

পুরস্কার ৫০০০ টাকা ও তৃতীয়

পুরস্কার থাকছে ৩০০০ টাকা।

প্রবন্ধের বিষয় তিনটি থাকলেও

উপরই প্রবন্ধ লিখতে পারবেন।

এবং শেষ হবে ২০ জানুয়ারি,

২০২৪ রাত ১২টায়। প্রবন্ধ জমা

দেওয়ার শেষ সময় ৫ ফেব্রুয়ারি,

২০২৪ বিকেল ৫টা। প্রবন্ধ জমা

দেওয়ার ঠিকানা: প্রতিযোগীগণ

সংগঠনের রাজ্য অফিস ছাড়াও

রাজ্য, জেলা বা লোকাল পর্যায়ের

দায়িত্বশীলদের কাছে লিখা জমা

পাঠানোর জন্য এই হোয়াটস্যাপ

নম্বর 8250558833 কিংবা এই

ই-মেইল অ্যাড্রেস iyfbangla@

ইসলামিক ইয়ুথ ফেডারেশন –

জনাব সাহারিয়াউল হককে

gmail.com ব্যবহার করতে হবে।

পশ্চিমবঙ্গ জোনের রাজ্য সেক্রেটারি

প্রতিযোগিতা সম্বন্ধে জিজ্ঞেস করা

হলে তিনি বলেন, "গবেষণামূলক

করতে পারবেন। অনলাইনে প্রবন্ধ

প্রতিযোগীগণ একটি মাত্র বিষয়ের

রেজিস্ট্রেশন আজ থেকে শুরু হচ্ছে

আপনজন:ইসলামিক ইয়ুথ



তাৎপর্যপূর্ণভাবে দুদিন আগে কৌস্তব বাগচী তার ফেসবুকে একটি পোস্ট দিয়েছিল। সেখানে লেখা ছিল বাংলার ভবিতব্য বিকল্প রাজনীতি। এবং মূল পোষ্টে লেখা ছিল বাংলায় বিকল্প রাজনীতি। আর সেই কারণে অনেকেই এর সঙ্গে মিল পাচ্ছেন কৌস্তুভ বাগচীর। যদিও সরাসরি ভাবে এর দায়ভার নিতে চাননি কংগ্রেস নেতা কৌস্তভ। তাহলে কারা লাগিয়েছে এই পোস্টার সেই নিয়ে শুরু হয়েছে মানুষের মধ্যে ধন্দ। তৃণমূল , কংগ্ৰেস, বিজেপি কোন পক্ষই এই পোস্টারে দায়ভার নিতে চাইনি।

বিজেপির এক নেতা বলেন, এইসবের পেছনে তৃণমূলের বিক্ষুদ্ধ নেতাকর্মীদের হাত রয়েছে। যদিও রানিনগরের তৃণমূল নেতা মিজান হাসান বলেন , তৃণমূলের বিক্ষুদ্ধ কেউ নেই। লোকসভার

প্রবন্ধ প্রতিযোগিতা

আইওয়াইএফের প্রবন্ধ

প্রতিযোগিতা শুরু হল

আগে বিজেপিই এই পোস্টার তৈরি করে হাওয়া গরম করতে চাইছে। জলঙ্গি ব্লক কংগ্রেস সভাপতি আব্দুর রাজ্জাক মোল্লা বলেন বৰ্তমানে বাম- কংগ্ৰেস জোটকে বিকল্প হিসেবে মেনে নিয়েছে সাধারণ মানুষ তাই তৃণমূল কংগ্রেসের দুর্নীতির বিরুদ্ধে জোট বিকল্প হিসেবে উঠে আসছে। কেন্দ্রে কংগ্রেস কে চায় সাধারণ মানুষ। তবে এই পোস্টার কে বা কারা রাতের অন্ধকারে পোস্টার মেরেছে সেটা জানানেই। তবে এসব করে পোস্টার মেরে হাওয়া গরম করতে চাইছে হয় কেও। রানিনগর ২ ব্লক কংগ্রেস সভানাত্রী মমতাজ বেগম হিরা বলেন, এসবের সঙ্গে যারাই জডিত থাকনা কেন কংগ্রেসেব কেউ জড়িয়ে নেই। তাই কে কোথায় কি পোস্টটা মারলো, তা নিয়ে আমাদের খুব

একটা মাথাব্যথা নেই।



পড়াশোনার চর্চা বাড়াতে আমাদের আসিফ রনি

নবগ্রাম এই উদ্যোগ। আমরা চায় জাতি, ধর্ম, বর্ণ ও লিঙ্গ নির্বিশেষে গবেষণামূলক পড়াশোনায় সকলে আগ্রহী হোক।" তিনি আরও বলেন, "এই প্রতিযোগিতায় যে কোনো বয়সের আগ্রহী প্রতিযোগীগণ অংশগ্রহণ করতে পারবেন। এমনকি জাতি, ধর্ম, বর্ণ ও লিঙ্গ নির্বিশেষে সকল ভারতীয় নাগরিকের জন্যই এই প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ থাকছে। তবে আমরা ওয়াল পোস্টার ও সোশ্যাল মিডিয়ার বিভিন্ন প্লাটফর্মের মাধ্যমে বিশেষত ছাত্র-ছাত্রীদের এই প্রতিযোগিতায় অংশগ্রহণের আহ্বান জানাচ্ছি।" এছাড়াও প্রতিযোগিতার বিস্তারিত নিয়মাবলীর জন্য তিনি সংগঠনের ফেসবুক পেজ Islamic Youth Federation - IYF West Bnegal-এ নজর রাখতে বলেন এবং রেজিস্ট্রেশন করতে সংগঠনের নিজস্ব ওয়েবসাইট: bengali. iyfindia.org তে ভিজিটের পরামর্শ দেন। যে কোনো টেকনিক্যাল সমস্যার জন্য প্রতিযোগীগণ contactiyfwb@ gamil.com-এ যোগাযোগ করতে

জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ ট্রাক চালকদের

আপনজন: কেন্দ্রের নয়া পরিবহন আইনের প্রতিবাদে জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ ট্রাক চালকদের। ঘটনায় মুহূর্তের মধ্যে অবরুদ্ধ হয়ে পড়ে নবগ্রামের পলসভা মোড়। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আছেন নবগ্রাম থানার পুলিশ। এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। উল্লেখ্য, সংসদের শীতকালীন অধিবেশনেই হয়েছে ভারতীয় ন্যায় সংহিতা বিল। তাঁদের অভিযোগ, এই নয়া আইনে গাড়ি দুর্ঘটনার বিষয়ে নিয়মের কড়াকড়ি করা হয়েছে। বড়সড় পথ-দুর্ঘটনা ঘটার পর, পুলিশ-প্রশাসনকে না জানিয়ে যদি চালকরা পালিয়ে যান, তাহলে তাঁদের বিরুদ্ধে হিট-অ্যান্ড-রান মামলা দায়ের করা হবে। সেক্ষেত্রে দোষ প্রমাণ হলে চালকদের সর্বোচ্চ ১০ বছর সাজা অথবা ৭ লক্ষ টাকা জরিমানা হতে পারে। চালকদের অভিযোগ , কেউ ইচ্ছা করে অ্যাক্সিডেন্ট করে না। পালিয়ে না গেলে জনতার রোষে পড়তে পারে। পারে। তাই কেন্দ্রের এই আইনেরই বিরোধিতা করছেন ট্রাক ও লরি

নয়া পরিবহণ আইন প্রত্যাহার করার দাবিতে ডেপুটেশ**ন** ড্রাইভারদের



সেখ রিয়াজুদ্দিন ও আজিম সেখ 🎈 বীরভূম

আপনজন: পথ চলতি মানুষজনের রাস্তা পারাপার সহ বিভিন্ন কারণের ফলে হামেশাই পথ দুর্ঘটনা ঘটে, এমনকি প্রাণহানিও হয়। সেই সমস্ত বিষয়ের উপর বিচার বিবেচনা করে কেন্দ্রীয় সরকার এক পরিবহআইন পাস করেছে যা দ্রাইভার কুলের পক্ষে বিপজ্জনক। যদি পথ দুর্ঘটনায় গাডির ড্রাইভার কর্তৃক পথচারী মারা যান তাহলে সেক্ষেত্রে ড্রাইভারের ১০ বছরের কারাদণ্ড এবং ৭ লক্ষ টাকা জরিমানা হবে উক্ত আইনের বলে। ডাইভারদের দাবি দূর্ঘটনা স্থল থেকে সেই মুহূর্তে কোনো ড্রাইভার পালিযে না গেলে গণপিটুনির আমঙ্কা থাকে। তাই কালা আইন প্রত্যাহারের দাবি সহ ড্রাইভারদের অন্যান্য অসুবিধার কথা উল্লেখ করে মঙ্গলবার সিউড়িতে বীরভূম জেলা শাসকের নিকট ২২ দফা দাবি সম্বলিত স্মারকলিপি প্রদান করা হয় অল ড্রাইভার ওয়েলফেয়ার এ্যাসোসিয়েশন বীরভূম জেলা কমিটির পক্ষ থেকে জেলা সভাপতি তন্ময় সাহা হুঁশিয়ারি দেন, কালা আইন প্রত্যাহার না হলে, সমস্ত গাড়ি বন্ধ করে রাস্তা জ্যাম করে দেওয়া হবে এবং আগামী দিনে আরো বৃহত্তর

পলিশি হানায় জুয়াড়ি

আন্দোলনের পথে নামা হবে।



রাকিবল ইসলাম 🔵 হরিহরপাড়া আপনজন: বছরের প্রথম দিন রাতে নিজেদের ভাগ্য বদলাতে গিয়ে পুলিশের জালে ৬ জুয়াড়ি। গোপন সূত্রে খবর পেয়ে সোমবার রাতে মুর্শিদাবাদের হরিহরপাড়া থানার পদ্মানাভপুর গাজী পাড়া এলাকায় তল্লাশি চালায় হরিহরপাড়া থানার পুলিশ তল্লাশি চালিয়ে ৫২০০ টাকা সহ গ্রেফতার করে ৬ জনকে। পুলিশ সূত্রে জানা যায় পদ্মানাভপুর গাজী পাড়া এলাকায় একটি বাড়িতে জুয়ার আসর বসেছিল সেখানে হানা দিলে বেশ কয়েকজন পালিয়ে গেলে ৬ জনকে গ্রেপ্তার করা হয়।

ছড়িয়ে-ছিটিয়ে পার্কিং এর

নামে লুট মতিঝিলে।



সারিউল ইসলাম 🗕 মুর্শিদাবাদ আপনজন: পার্থক্য একটা ৬ ফিটের দেওয়াল। দেওয়ালের এক পারে বাইকের পার্কিং চার্জ ১০ টাকা, তো অন্য পারে ২০ টাকা। পার্কিং এর নাম করে দিনের আলোয় লুট হচ্ছে মুর্শিদাবাদের মতিঝিলে। মতিঝিল পার্কের মেইন গেটের টিকিট কাউন্টারের পাশেই 'মতিঝিল পার্কিং এন্ড পিকনিক স্পট'। সেই পার্কিং এ বাইক রাখতে গেলেই গুনতে হচ্ছে ২০ টাকা। অথচ সেই পার্কিং এর ৬ ফিটের দেওয়ালের পাশেই আরও একটি পার্কিং আছে। সেখানে বাইক পার্কিং করার জন্য লাগছে মাত্র ১০ টাকা। পর্যটক থেকে স্থানীয়দের প্রশ্ন, ৬ ফিটের দেওয়ালের এক পারে ১০ টাকায় পার্কিং হলেও আরেক পারে পার্কিং চার্জ ২০ টাকা কেন? প্রশাসনের দৃষ্টি এড়িয়ে কিভাবে লুঠ হচ্ছে দিনের আলোয়।

রাস্তার পাশে সদ্যোজাতের মৃতদেহ উদ্ধার



চন্দনা বন্দ্যোপাধ্যায় 🔵 জয়নগর আপনজন: মঙ্গলবার জয়নগর থানার দক্ষিণ বারাশতে রাস্তার পাশে একটি বাড়ির সামনে থেকে একটি সদ্যোজাতের মৃতদেহ উদ্ধারকে ঘিরে এলাকায় চাঞ্চল্য। খবর পেয়ে ঘটনাস্থলে জয়নগর থানার পুলিশ গিয়ে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়ে তদন্তের কাজ শুরু করেছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেল,মঙ্গলবার জয়নগর থানার দক্ষিন বারাশত রাস্তার পাশে কে বা কারা একটি সদ্যোজাতকে ফেলে রেখে যায়।স্থানীয় এক গৃহবধূ তাদের বাড়ির সামনে একটি সদ্যোজাতকে মৃত অবস্থায় পড়ে থাকতে দেখে স্থানীয় প্রধান জয়ন্তী হালদারকে জানান। এবং প্রধান জয়নগর থানায় খবর দেয়। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে মৃতদেহ উদ্ধার করে জয়নগর থানায় নিয়ে যায় জয়নগর থানার পুলিশ। মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

নিখোঁজ যুবকের দেহ উদ্ধার সোনাই নদী থেকে



নিজস্ব প্রতিবেদক 🔵 বসিরহাট আপনজন: উত্তর চব্বিশ পর্গনার বসিরহাট মহকুমার স্বরূপনগর থানার বিথারি হাকিমপুর গ্রাম পঞ্চায়েতের দহরকান্দা এলাকার ঘটনা। বছর ২৮ এর আলমগীর মোল্লা ২০২৩ সালে ৩১ শে ডিসেম্বর বিকাল সাড়ে চারটে নাগাদ বাড়ি থেকে বেরিয়ে নিখোঁজ হয়ে যায়। তারপর থেকে আর তার খোঁজ পাওয়া যায় না। পরিবারের লোকেরা স্বরূপনগর নগর থানায় নিখোঁজের ডাইরি করেন। তারপর থেকে খোঁজ শুরু করে স্বরূপনগর থানার পুলিশ ও বিএসএফ।

৩৬ ঘন্টা পর ভারত ও বাংলাদেশ সীমান্তের সোনাই নদী থেকে যুবকের মৃতদেহের পাশ থেকে পাওয়া গেছে একশো বোতল

নিষিদ্ধ কাপ সিরাপ। এই নিয়ে রীতিমতো চাঞ্চল শুরু হয় এলাকায়। আজ সকাল বেলায় যুবকের খোঁজে স্বরূপনগর থানা পুলিশ সীমান্তের বিএসএফ এবং এসডিআরএফ এর বিপর্যয় মোকাবিলা টিম সীমান্তের সোনাই নদীর কচুরিপানার ভিতর থেকে ওই যুবকের মৃতদেহ উদ্ধার করে। ময়নাতদন্তের জন্য বসিরহাট স্বাস্থ্য জেলার পুলিশ মর্গে যুবকের মৃতদেহ পাঠানো হয়েছে। মৃত যুবকের পরিবারের দাবি সে সন্ধ্যেবেলা বাজার করতে গিয়েছিল সেখান থেকে আর তার খোঁজ পাওয়া যায় না। কি করে সোনাই নদীতে তার মৃতদেহ পাওয়া গেল এই নিয়ে উঠছে নানান প্রশ্ন এই মৃত ঘিরে এলাকায় চাঞ্চল্য সৃষ্টি

প্রথম নজর

জাপানে রানওয়েতে দুই বিমানের সংঘর্ষ, নিহত ৫



আপনজন ডেস্ক: জাপানের রাজধানী টোকিওর হানেদা বিমানবন্দরের রানওয়েতে দেশটির কোস্ট গার্ডের বিমানের সঙ্গে আরেক যাত্রীবাহী বিমানের সংঘর্ষে অন্তত পাঁচ আরোহী নিহত হয়েছেন। মঙ্গলবার (২ জানুয়ারি) স্থানীয় সময় সন্ধ্যার দিকে জাপান এয়ারলাইন্সের বিমানের সাথে কোস্ট গার্ড বাহিনীর বিমানের এই সংঘর্ষের ঘটনা ঘটে। টোকিও পুলিশের বরাত দিয়ে দেশটির রাষ্ট্রায়ত্ত সম্প্রচারমাধ্যম এনএইচকে দুই বিমানের সংঘর্ষের ঘটনায় প্রাণহানির এই তথ্য নিশ্চিত করেছে। এর আগে, সন্ধ্যার দিকে হানেদা বিমানবন্দরের রানওয়েতে অবতরণ করার সময় ৩০০ জনের বেশি যাত্রীকে বহনকারী জাপান এয়ারলাইন্সের বিমানে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। জাপান এয়ারলাইন্সের বিমানটি অবতরণের সময় রানওয়েতে থাকা উপকূলরক্ষী বাহিনীর বিমানের সাথে সংঘৰ্ষ হয়। এতে জাপান এয়ারলাইন্সের যাত্রীবাহী বিমানে আগুন ধরে যায়। দেশটির উপকূলরক্ষী বাহিনী বলেছে. তাদের বোম্বার্ডিয়ার ড্যাশ-৮ বিমানে মোট ছয় কর্মকর্তা ছিলেন। তারা ভূমিকম্প-বিধ্বস্ত নোটো উপদ্বীপে ত্রাণসামগ্রী পৌঁছে

দেওয়ার জন্য নিগাতা বিমানবন্দরের দিকে যাচ্ছিলেন। তাদের মধ্যে অন্তত পাঁচজন নিহত হয়েছেন। এছাড়া অপরজন গুরুতর আহত হয়েছেন। এনএইচকের প্রচারিত ভিডিও ফুটেজে দেখা যায়, রানওয়েতে দাঁড়িয়ে থাকা বিমানের সাথে সংঘর্ষের পরপরই জাপান এয়ারলাইন্সের বিমানটিতে আগুন ধরে যায়। এ সময় বিমানের জানালা দিয়ে আগুনের লেলিহান শিখা ও ধোঁয়ার কুণ্ডলী বেরিয়ে আসতে দেখা যায়। এই ঘটনায় বিমানের পাশাপাশি হানেদা বিমানবন্দরের রানওয়েতেও আগুন ধরে যায়। এনএইচকে বলেছে আগুন ধরে যাওয়া জাপান এয়ারলাইন্সের জেএএল-৫১৬ ফ্লাইটটি হোক্কাইডো বিমানবন্দর থেকে উড্ডয়ন করেছিল। পরে সেটি হানেদা বিমানবন্দরে অবতরণের সময় দুর্ঘটনার কবলে পড়ে। ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি বলছে, হানেদা বিমানবন্দরের রানওয়েতে অবতরণ করা জাপান এয়ারলাইন্সের বিমানে আগুন ছড়িয়ে পড়ার পর প্রায় দুই ঘণ্টা পেরিয়ে গেছে। বিমানবন্দরের অগ্নিনিরাপত্তা কর্মীরা আগুন নিয়ন্ত্রণে ব্যাপক তৎপরতা চালালেও এখনও বিমানটি জুলছে।

ইস্তাম্বুলে বছরের প্রথম নামাজের পর গাজার সমর্থনে সমাবেশ



আপনজন ডেস্ক: তুরস্কে নতুন বছরের প্রথম প্রহরে গাজায় ইসরায়েলি আগ্রাসনের বিরুদ্ধে ফিলিস্তিনিদের প্রতি সংহতি জানানো হয়। সোমবার (১ জানুয়ারি) ফজরের নামাজের পর ইস্তাম্বলের বিখ্যাত আয়া সোফিয়া গ্র্যান্ত মসজিদ, সুলতান আহমদ মসজিদসহ কয়েকটি মসজিদে এই সংহতি সমাবেশ অনষ্ঠিত হয়। এরপর সবাই গালাতা সেত হয়ে বসফরাস প্রণালীর দিকে যায়। তুর্কি সেনাবাহিনীর শহীদ ও ফিলিস্তিনি জাতির স্মরণে অনুষ্ঠিত দোয়ায় অংশ নেয় দেশটির সরকারি-বেসরকারি উচ্চপদস্থ কর্মকর্তাসহ হাজার হাজার মুসল্লি। তুর্কি ইয়ুথ এনডাউমেন্টের পৃষ্ঠপোষকতায় ন্যাশনাল উইল প্ল্যাটফরমসহ বিভিন্ন সামাজিক

সংগঠন 'শহীদদের জন্য দোয়া গণহত্যা বন্ধের আহ্বান জানায়। এবং ফিলিস্তিনের প্রতি সংহতি' এদিকে প্যারিসের চ্যাটেলেট মেট্রো শীর্ষক এই আয়োজন করে। এ স্টেশনে বিক্ষোভকারীরা সবুজ, সময় ফিলিস্তিনের পক্ষে 'অপরাধী লাল ও কালো রঙে নিজেদের ইসরায়েল, ফিলিস্টিন ছেডে দাও' আঙ্জ এঁকে যুদ্ধবিরতির দাবি 'আমাদের প্রাণ আল–আকসার জানায়। এ সময় পর্দার মাধ্যমে মুক্তির জন্য'সহ বিভিন্ন স্লোগান গাজাবাসীর ভয়াবহ পরিস্থিতি তুলে দিতে থাকে মসজিদ প্রাঙ্গণে ধরা হয়।

> গত ৭ অক্টোবর থেকে হামাসের হামলার জেরে গাজা উপত্যকায় হত্যাকাণ্ড চালাচ্ছে ইসরায়েল। এ যুদ্ধে এখন পর্যন্ত প্রায় ২২ হাজার ফিলিস্তিনি নিহত হয়: যার মধ্যে অর্ধেকের বেশি শিশু ও নারী রয়েছে।

গত ২৯ ডিসেম্বর গাজায় গণহত্যার অপরাধে ইসরায়েলের বিরুদ্ধে আন্তর্জাতিক বিচার আদালতে (আইসিজে) মামলা দায়ের করে দক্ষিণ আফ্রিকা।

'ইসরায়েল অভিমুখী জাহাজে হামলা সম্পূর্ণভাবে ইয়েমেনি সিদ্ধান্ত'




আপনজন ডেস্ক: কৌশলগত লোহিত সাগর দিয়ে চলাচল করা ইসরায়েলগামী জাহাজগুলোতে যে হামলা চালানো হচ্ছে তা সম্পূর্ণভাবে ইয়েমেনের নিজের সিদ্ধান্ত। এখানে ইসলামি প্রজাতন্ত্র ইরানের কোনো ভূমিকা নেই বলে সুস্পষ্টভাবে জানিয়েছেন ইয়েমেনের পররাষ্ট্রমন্ত্রী হিশাম শারাফ। তিনি বলেন, ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকার জনগণের প্রতি সমর্থন জানিয়ে ইয়েমেনের সরকার এবং সামরিক বাহিনী ইসরায়েল অভিমুখী জাহাজগুলোতে হামলা কিংবা সেগুলো আটকের সিদ্ধান্ত নিয়েছে। ইরানের প্রেস টিভিকে দেয়া এক বিশেষ সাক্ষাৎকারে হিশাম শারাফ বলেন, গাজা এবং দখলিকৃত ফিলিস্তিনের বিভিন্ন অংশে আমাদের ভাই-বোনদের ওপর ইহুদবাদী ইসরায়েল যাতে কোনোভাবে আগ্রাসন চালাতে না পারে সেজন্য সানার সরকার ও

সামরিক বাহিনী লোহিত সাগরে ইসরায়েল অভিমখী জাহাজ চলাচল বন্ধের সিদ্ধান্ত নিয়েছে। তিনি বলেন, ইয়েমেনের সামরিক বাহিনী শান্তির পক্ষে কাজ করছে এবং তারা অন্য কারো জন্য হুমকি নয়। ইয়েমেনের পররাষ্ট্রমন্ত্রী আরো জানান, বাব আল-মান্দেব ও লোহিত সাগর দিয়ে বিশ্বের যে কোন দেশের জাহাজ যাতায়াত করতে পারবে শুধুমাত্র ইসরায়েলি জাহাজ অথবা ইসরায়েল অভিমুখী জাহাজ চলাচল করতে পারবে না। সম্প্রতি ইয়েমেনের সেনারা লোহিত সাগরে ইসরায়েলি জাহাজে যে হামলা চালিয়েছে তার প্রশংসা করে ইয়েমেনের এই মন্ত্রী বলেন, এর মধ্য দিয়ে ফিলিস্তিনিদের প্রতি সংহতি প্রকাশ করা হয়েছে এবং এটি ফিলিস্তিন স্বাধীন হওয়ার প্রথম পদক্ষেপ। তিনি আরো বলেন, ইয়েমেনের লড়াইয়ের ক্ষেত্রে ফিলিস্তিন ইস্যু একেবারে কেন্দ্রে অবস্থান করছে।

নতুন বছরে মণিপুরে আবার সহিংসতা, নিহত ৪

ছড়িয়ে-ছিটিয়ে



আপনজন ডেস্ক: নতুন বছরের শুরুতে আবার উতপ্ত মণিপুর। স্থানীয় সময় সোমবার বিকেলে আরো একবার রক্তপাতের ঘটনা ঘটল। মণিপুরের থৌবল জেলায় সংঘর্ষে চার জনের মৃত্যু হয়েছে এবং আহত হয়েছেন আরো বেশ কয়েকজন। এ ঘটনার পর রাজধানী ইম্ফলসহ উপত্যকার পাঁচ জেলায় অর্নিদিষ্ট কালের জন্য কার্ফু জারি করেছে মণিপুর সরকার। থৌবল ছাড়াও তালিকায় রয়েছে, ইম্ফল পূর্ব, ইম্ফল পশ্চিম, বিষ্ণুপুর এবং ককচিং। ঘটনার পর পাহাড়ি অঞ্চলে উত্তেজনা ছড়িয়ে পড়ে। একজন জ্যেষ্ঠ পুলিশ কর্মকর্তা ফোনে রয়টার্সকে বলেছেন, 'বুলেটের আঘাতে তিনজন মারা গেছেন এবং অন্য পাঁচজন আহত অবস্থায় হাসপাতালে আছেন।' ভুক্তভোগীদের পরিচয় বা সন্দেহভাজন হামলাকারীদের পরিচয় সম্পর্কে তাৎক্ষণিকভাবে কোনো মন্তব্য করা হয়নি। স্থানীয় খবরে বলা হয়েছে, হামলার পর দুষ্কৃতীকারীদের ব্যবহার করা গাড়িটিতে আগুন ধরিয়ে দেন স্থানীয় বিক্ষুব্ধ অধিবাসীরা। মণিপুরের মুখ্যমন্ত্রী বিজেপি নেতা এন বীরেন সিংহ যুযুধান স্থানীয়দের সংযত হওয়ার আবেদন জানিয়েছেন এবং মন্ত্রিসভার জরুরি বৈঠক ডেকেছেন। গত ৩ মে থেকে জাতিগত সহিংসতার সাক্ষী মণিপুর। মাঝে পরিস্থিতি কিছুটা শান্ত ছিল। তবে পুরোপুরি স্বাভাবিক হয়নি। সংখ্যাগরিষ্ঠ মেইতেই এবং সংখ্যালঘ ককি সম্প্রদায়ের সদস্যদের মধ্যে ভয়ঙ্কর লড়াই শুরু হওয়ার পর থেকে কমপক্ষে ১৮০ জনের মৃত্যু হয়েছে। সোমবার থৌবাল জেলার লিলং এলাকা থেকে সর্বশেষ এই সহিংসতার খবর পাওয়া য়ায, যখন ছদ্মবেশী একটি দল স্থানীয়দের ওপর নির্বিচারে গুলি চালায়। মায়ানমারের সীমান্তবর্তী মণিপুর ভারতের সবচেয়ে ছোট রাজ্যগুলোর মধ্যে একটি। যার জনসংখ্যা ৩২ লাখ।

বাসিন্দাদের মধ্যে ১৬ শতাংশ

কুকি। যারা পাহাড়ে বাস করে এবং

সরকারি চাকরি এবং শিক্ষার জন্য

অর্থনৈতিক সুবিধা ও কোটা পায়।

অন্যদিকে ৫৫ শতাংশ মেইতেই

থাকে। বছর ঘুরে গেলেও উত্তর-

পূর্বাঞ্চলের ওই রাজ্যে সংঘর্ষ

থামেনি।

জনগণ সমৃদ্ধ নিম্নভূমি নিয়ন্ত্রণ করে

রক্তমাখা ছন ৩০
 রক্তমাখা ডায়েরী ৩

বিশ্ববঙ্গীয় প্রকাশন বর্ণপরিচয়, বি-৯ কলেজ স্ট্রিট মার্কেট, কলকাতা-৭০০ ০০৭

ফান-০৩৩-২২৫৭ ০০৪২ 🔕 ৯৮৩০০১২৯৪৭

পাকিস্তানে বন্দুক হামলা, ৬ নাপিত নিহত



আপনজন ডেস্ক: পাকিস্তানের উত্তর-পশ্চিমাঞ্চলে বন্দক হামলায় ছয়ব্যক্তি নিহত হয়েছে। মঙ্গলবার (২ জানুয়ারি) স্থানীয় সময় ভোরে দেশটির আফগানিস্তান সীমান্তের কাছে পাকিস্তানি তালেবানদের একটি সাবেক ঘাঁটিতে অজ্ঞাত বন্দুকধারীরা গুলি করে ছয়জন নাপিতকে হত্যা করে বলে পুলিশ জানিয়েছে। স্থানীয় পুলিশ প্রধান জামাল খান বলেছেন, অশান্ত খাইবার পাখতুনখাওয়া প্রদেশের মীর আলী শহরে এই হত্যাকাণ্ডের জন্য তাৎক্ষণিকভাবে কেউ দায় স্বীকার করেনি। হতবাক বাসিন্দারা বলেন, নিহত ব্যক্তিরা সবাই নাপিত ছিলেন এবং বিভিন্ন দোকানে কাজ করত। পাকিস্তানি সশস্ত্র গোষ্ঠী কয়েক বছর আগে পশ্চিমা ধাঁচে

দাড়ি ও চুল কাটা নিষিদ্ধ করেছিল। স্থানীয় বাসিন্দা জাভেদ আলী জানান, গত মাসে তিনি চুল কাটার জন্য একটি নাপিত দোকানে গিয়ে নিহতদের একজনের সঙ্গে দেখা করেছিলেন। মীর আলী শহরটিতে পাকিস্তানি তালেবানদের ঘাঁটি আছে। যারা 'তেহরিক-ই-তালেবান পাকিস্তান বা টিটিপি' নামে পরিচিত। টিটিপি একটি পৃথক গোষ্ঠী কিন্তু আফগান তালেবানের ঘনিষ্ঠ মিত্র। আফগান তালেবানরা ২০২১ সালের আগস্টে প্রতিবেশী আফগানিস্তানে ক্ষমতা দখল করে নেয়। পাকিস্তানের এই অঞ্চলে সাম্প্রতিক বছরগুলোতে ব্যাপক হামলা হয়েছে। কর্তৃপক্ষ সেখানে প্রায়ই টিটিপির আস্তানাগুলো উচ্ছেদের প্রচেষ্টায় ব্যর্থ হয়েছে।

গাজা থেকে কিছু সৈন্য প্রত্যাহার করছে ইসরায়েল

সমবেত জনতা।

এদিকে ২০২৩ সালের বিদায়কালে

গাজায় ইসরায়েলি গণহত্যা বন্ধের

ইউরোপের বিভিন্ন শহরে বিক্ষোভ

সমাবেশ অনুষ্ঠিত হয়। গত শনিবার

বার্লিনের অ্যাডেনাউয়ের প্ল্যাটজ

ন্যাশনাল কমিটি আয়োজিত

সমাবেশে বিক্ষোভকারীরা

ফিলিস্তিনের পতাকা হাতে

স্কোয়ারে ইউনাইটেড প্যালেস্টাইন

অবিলম্বে যুদ্ধবিরতি বাস্তবায়ন ও

দাবিতে জার্মানি, ফ্রান্সসহ



আপনজন ডেস্ক: হামাসের বিরুদ্ধে আরও নিখুঁত অভিযান পরিচালনার লক্ষ্যে অবরুদ্ধ গাজা উপত্যকা থেকে কিছু সৈন্য প্রত্যাহার করছে ইসরায়েল। ইসরায়েলের অর্থনীতিকে সহায়তা করার জন্য রিজার্ভ সৈন্যদের মধ্যে থেকে কিছু সৈন্যকে আংশিকভাবে প্রত্যাহার করে নেওয়া হচ্ছে বলে ইসরায়েলি সরকারি এক কর্মকর্তা জানিয়েছেন। ওই কর্মকর্তা বলেছেন, ফিলিস্তিনি উপত্যকা থেকে ইসলামপন্থী গোষ্ঠীকে উৎখাত করাই ইসরায়েলের হামলার লক্ষ্য। গাজা থেকে যে পাঁচটি ব্রিগেড প্রত্যাহার করা হয়েছে তার মধ্যে কয়েকটি ব্রিগেড লেবাননের হিজবুল্লাহর বিরুদ্ধে দ্বিতীয় ফ্রন্টের সম্ভাব্য সংঘাতের জন্য প্রস্তুতি গ্রহণ করবে। গত ৭ অক্টোবরের হামাসের

আন্তঃসীমান্ত হামলার প্রতিশোধে গাজা উপত্যকায় যুদ্ধ শুরু করার পর থেকে ইসরায়েলি কর্মকর্তারা বলেছেন, তারা তিনটি প্রধান ধাপে এই যুদ্ধ চালিয়ে যাবেন। এর প্রথম ধাপে আছে স্থলবাহিনীর প্রবেশপথ পরিষ্কার এবং বেসামরিকদের সরে যেতে উৎসাহিত করার জন্য তীব্র গোলাবর্ষণ। দ্বিতীয় ধাপে আছে আগ্রাসন; যা ২৭ অক্টোবর শুরু হয়েছিল। ইসরায়েলি ট্যাংক এবং সৈন্যরা

এখন গাজা উপত্যকার বেশিরভাগ অংশের দখল নিয়েছে। হামাস যোদ্ধাদের গোপন সুড়ঙ্গ এবং বাঙ্কার থেকে অতর্কিত হামলা সত্ত্বেও এখন ইসরায়েলি সামরিক বাহিনী যুদ্ধের তৃতীয় স্তরে প্রবেশ করছে বলে ওই কর্মকর্তা জানিয়েছেন। বিষয়টি স্পর্শকাতর হওয়ায় ওই কর্মকর্তা নাম প্রকাশে

অনিচ্ছুক বলে ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে। যুদ্ধে বিধ্বস্ত গাজা জেলার কথা উল্লেখ করে তিনি বলেছেন, "এতে কমপক্ষে ছয় মাস সময় লাগবে। বর্তমানে হামাসের অস্ত্রধারীদের বিরুদ্ধে কঠিন মিশন পরিচালনা করা হচ্ছে। গাজা উপত্যকার শাজাইয়া থেকে শান্তির ঘুঘু উডানোর কথা কেউ বলছে না।" গত অক্টোবর ইসরায়েলে ঢুকে অতর্কিত হামলা চালিয়ে এক হাজার ২০০ জন ইসরায়েলিকে হত্যা এবং ২৪০ জনকে ধরে নিয়ে গাজায় জিন্মি করে হামাস। কয়েক দফার যুদ্ধবিরতি কার্যকরের পর উপত্যকা থেকে শতাধিক জিম্মিকে ছেড়ে দিয়েছে হামাস। এখনও এই গোষ্ঠীর হাতে ১২৯ জিম্মি আটকা আছেন। ইসরায়েল এই জিম্মিদের উদ্ধারে দৃঢ় অঙ্গীকার করেছে। কাতার ও মিসরের মধ্যস্থতায় ফের হামাস-ইসরায়েল যুদ্ধবিরতি চুক্তির আলোচনা চলছে। এই চুক্তি কার্যকর করা হলে আরও কিছু জিন্মি মুক্তি পাবেন বলে প্রত্যাশা করা হচ্ছে। হামাসের সাথে যুদ্ধে গাজায় নজিরবিহীন ধ্বংসযজ্ঞ চালিয়ে

আসছে ইসরায়েল। গাজা উপত্যকার ক্ষমতাসীন গোষ্ঠী হামাসের নিয়ন্ত্রিত স্বাস্থ্য মন্ত্রণালয় বলেছে, দুই মাসের বেশি সময় ধরে চলা যুদ্ধে প্রায় ২২ হাজার একটি পরিকল্পনা উন্মোচন করে। ফিলিস্তিনির প্রাণহানি ঘটেছে;

যাদের বেশিরভাগই বেসামরিক।



আপনজন ডেস্ক: ইসরায়েলে সুপ্রিম কোর্ট বিতর্কিত বিচারিক সংস্কার বাতিল করেছে। বিতর্কিত এই বিচারিক সংস্কারের পরিকল্পনা গত বছর নেতানিয়াহুর সরকারের বিরুদ্ধে ইসরায়েলজুড়ে ব্যাপক বিক্ষোভ হয়েছিল। ওই সংস্কার পরিকল্পনায় সুপ্রিম কোর্টের ক্ষমতা কমানোর পদক্ষেপ নেয়া হয়েছিল। নেতানিয়াহু সরকার ইসরায়েলের বিচার ব্যবস্থাকে সংশোধন এবং সুপ্রিম কোর্টকে দুর্বল করতে গত বছরের শুরুতেই

এসব সংস্কার বাস্তবায়ন হলে

ইসরায়েলের পার্লামেন্টের পক্ষে সুপ্রিম কোর্টের রায়গুলোকে বাতিল করা সহজ হতো। সমালোচকরা বলছেন, এটি বিচার ব্যবস্থাকে দুর্বল করে দেশের গণতন্ত্রকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করবে।


আইনটি বাতিল করার জন্য সুপ্রিম কোর্টের এই সিদ্ধান্ত সামনে এলো।

ইসরায়েলে নেতানিয়াহুর বিচারিক সংস্কার বাতিল করলো সুপ্রিম কোর্ট



গত বছরের জুলাই মাসে সরকার আইনটি পাস করে। আইনটি ইসরায়েলে ব্যাপক ক্ষোভ ও বিভাজন সৃষ্টি করে। টানা কয়েক মাসের বিক্ষেভের পর ২০২৩ সালে সরকারের গৃহীত এই

সেহেরী ও ইফতারের সময় সেহেরী শেষ: ভোর ৪.৫২ মি. ইফতার: সন্ধ্যা ৫.০৯ মি.



নামাজের সময় সূচি শেষ ওয়াক্ত শুরু ফজর 8.62 ৬.১৭ যোহর 33.86 আসর ৩.২৯ মাগরিব 6.05

৬.২৪

এশা

তাহাজ্জুদ ১১.০০

তুরস্কে ৩৩ ইসরায়েলি গুপ্তচর আটক



আপনজন ডেস্ক: ইসরায়েলের গোয়েন্দা সংস্থা মোসাদের হয়ে গুপ্তচরবৃত্তি এবং বিদেশি নাগরিকদের লক্ষ্যবস্তুতে পরিণত করার সন্দেহে তুরস্কে ৩৩ জনকে আটক করেছে পুলিশ। মঙ্গলবার (২ জানুয়ারি) এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। গত মাসেই ইসরায়েলকে সতর্ক করে তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যিপ এরদোগান বলেছিলেন, তুরস্কসহ ফিলিস্তিনের বাইরে অবস্থানরত হামাস সদস্যদের উপর হামলার চেষ্টা করলে পরিণতি ভয়াবহ হবে।

নিজেদের ছোড়া গুলি-বোমায় ১৮ ইসরায়েলি সেনার মৃত্যু



আপনজন ডেস্ক: ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকায় চলমান স্থল অভিযানে এখন পর্যন্ত ১৭০ জন দখলদার ইসরায়েলি সেনার মৃত্যু হয়েছে বলে জানিয়েছে দেশটির সেনাবাহিনী (আইডিএফ)। নিহতদের মধ্যে ২৯ জনের মৃত্যু হয়েছে প্রতিপক্ষের কোনও হামলা ছাড়াই। এর মধ্যে ১৮ জন সেনার মৃত্যু হয়েছে দুর্ঘটনা অথবা নিজেদেরই ছোঁড়া গুলি বা বোমায়। ইসরায়েলের দাবি, গাজায় সেনাবাহিনী স্থল অভিযান চালাচ্ছে আবার বিমান বাহিনী এবং মর্টার বাহিনীও অপারেশন চালাচ্ছে। এই পরিস্থিতিতে আকাশ থেকে

ক্রমাগত বোমা ফেলা হচ্ছে। দূরপাল্লার রকেটও ছোঁড়া হচ্ছে। এরই আঘাতে বেশকিছু ইসরায়েলি সেনার মৃত্যু হয়েছে। ট্যাঙ্ক থেকে ছোঁড়া গোলার আঘাতেও নিজেদের সেনার মৃত্যু হয়েছে। এদিকে বেশকিছু সেনা সদস্যকে বাড়ি

পাঠিয়ে দেওয়া হয়েছে। তাদের আপাতত পরিবারের সঙ্গে সময় কাটাতে বলা হয়েছে। যথেষ্ট বিশ্ৰাম নিয়ে তারা যাতে আবার যুদ্ধক্ষেত্রে ফিরে আসতে পারেন, তার ব্যবস্থা করা হচ্ছে। ইসরায়েলি ডিফেন্স ফোর্সের (আইডিএফ) মুখপাত্র বলেছেন, 'অভিযান শেষ হতে সময় লাগবে। তাই সেনাবাহিনীর সদস্যদের ঘুরিয়ে ঘুরিয়ে বিশ্রাম নেয়ার সুযোগ দেওয়া হবে। সেই প্রক্রিয়া শুরু হয়েছে।' প্রধানমন্ত্রী নেতানিয়াহু জানিয়েছেন, ২০২৪ সালজুড়ে গাজা অভিযান চলবে। হামাসকে খতম না করা পর্যন্ত এ অভিযান বন্ধ হবে না।

জাপানে একদিনে ১৫৫ ভূমিকম্প, নিহত ১৩ ওপরে। সময় যাওয়ার সঙ্গে সঙ্গে



আপনজন ডেস্ক: পূর্ব এশিয়ার দ্বীপ দেশ জাপানে একদিনে মাত্র কয়েক ঘণ্টার মধ্যে অন্তত ১৫৫ বার ভূমিকম্প আঘাত হেনেছে। জাপানের মিটিওরোলিজক্যাল এজেন্সি (জেএমএ) জানিয়েছে, এর মধ্যে সবচেয়ে ভয়াবহ ভূমিকম্পটির মাত্রা ছিল রিখটার স্কেলে ৭ দশমিক ৬ এবং অপর একটি ভূমিকস্পের মাত্রা ছিল ৬। এদিকে, এই ভূমিকম্পে অন্তত ১৩ জন নিহত হয়েছে। জাপানি সংবাদমাধ্যম জাপান টাইমসের প্রতিবেদনে বলা হয়েছে, ১৫৫ টি ভূমিকম্পের প্রায়

সবগুলোই রিখটার স্কেলে ৩ মাত্রার

তীব্রতাও কমে এসেছে। তবে স্থানীয় সময় আজ মঙ্গলবার সকালের দিকেও বেশ কয়েকবার ভূমিকম্প অনুভূত হয়েছে বলে জানিয়েছে জেএমএ। এদিকে, এই ভূমিকম্পে অন্তত ১৩ জন নিহত হয়েছে। মূলত তীব্ৰ ভূমিকস্পের কারণে বেশ কয়েকটি ভবন ধসে পড়ার কারণে এই প্রাণহানির ঘটনা ঘটেছে। সব মিলিয়ে ভূমিকম্প উপদ্রুত ইশিকাওয়া প্রিফেকচারে প্রায় ৩৩ হাজার বাড়ি বিদ্যুৎহীন হয়ে এছাড়া, ভূমিকম্পের সময় বিদ্যুৎ স্ফুলিঙ্গ থেকে সৃষ্ট আগুনেও বেশ কয়েকজনের মৃত্যু হয়েছে। তবে কোন এলাকায় কত জন মারা গেছে সে বিষয়ে কোনো তথ্য জানায়নি জাপান টাইমস। এর আগে, গতকাল সোমবার বিকেল ৪টা ১০ মিনিটের দিকে জাপানের নতো অঞ্চলে ৭ দশমিক ৬ মাত্রার এই ভয়াবহ ভূমিকম্প আঘাত হানে।

বজ্জকলম ২৫০
 বাজেয়াপ্ত ইতিহাস হ



ন্তর্জাতিক রাজনৈতিক

মঞ্চে গত এক বছরে

মুখোমুখী হয়েছে

যুক্তরাষ্ট্র, ইউরোপ ও অন্য

শক্তিশালী পশ্চিমা গণতান্ত্ৰিক

দেশগুলো। এখনো পর্যন্ত এই বিপত্তি চরম বিপর্যয়ের আকার না

নিলেও, এগুলো দীর্ঘদিন ধরে চলে

আসা যুক্তরাষ্ট্র নিয়ন্ত্রিত পশ্চিমা মূল্যবোধের প্রভাব বলয় থেকে

ক্ষমতার ভারসাম্যের পরিবর্তনের

দিকে ইঙ্গিত দিচ্ছে। একাধিক

বিপরীতে হাওয়া বইছে। দেখে

নেওয়া যাক কেন এই পরিবর্তন

ক্ষেত্রে পশ্চিমা স্বার্থের ঠিক

আর এর ভবিষ্যতই বা কী?

কৃষ্ণ সাগরে সাম্প্রতিক কিছু

ইউক্রেনের পক্ষে যায়নি।

সাফল্য পাওয়া সত্ত্বেও এই যুদ্ধ

ইউনিয়নের জন্য ক্ষতিকর হয়ে

উঠবে। ইতিমধ্যে তারা (ন্যাটো ও

ইউরোপীয় ইউনিয়ন) ইউক্রেনকে

পর্যন্তও ন্যাটো ইউক্রেনের বিষয়ে

ভেবেছিল, আধুনিক যুদ্ধাস্ত্ৰ এবং

সেনারা রাশিয়াকে হারিয়ে তাদের

যুদ্ধ চালাতে এবং ওই দেশের

অর্থনীতিকে লাখ লাখ ডলার

বেশ আশাবাদী ছিল। তারা

পারবে, ঠিক যেমনটা আগে

পেরেছিল। তবে বলা বাহুল্য,

হয়নি। সব সমস্যার মুলে ছিল

সময় নির্ধারণের বিষয়টা।

ন্যাটোর অন্তর্গত দেশগুলো

'ব্রিটেনের চ্যালেঞ্জার-২' এবং

'জার্মানির লেপার্ড-২'-এর মতো

অত্যাধুনিক 'মেন ব্যাটেল ট্যাংক'

ইউক্রেনে পাঠানোর সাহস আদৌ

দেখাবে কি না, তা নিয়ে সিদ্ধান্ত

গিয়েছিল। দীর্ঘসূত্রিতার পেছনে

এই পদক্ষেপ রুশ প্রেসিডেন্ট

প্ররোচনা যোগায়। যদিও শেষ

পর্যন্ত পশ্চিমারা ট্যাংক সরবরাহ

করেছিল এবং প্রেসিডেন্ট পুতিন

কিছু করেননি। তবে বেশ কিছুটা

মাসে যুদ্ধের জন্য তারা প্রস্তুত

মানচিত্র পর্যবেক্ষণ করে

সঠিকভাবে অনুমান করে

হয়েছে, ততদিনে রুশ কমান্ডাররা

ফেলেছেন, ইউক্রেন ঠিক কোন

দিক থেকে জোরাল চেষ্টা চালাবে।

রাশিয়া আন্দাজ করতে পেরেছিল,

ইউক্রেন জাপোরিঝিয়া ওবলাস্ট

অনুমান করতে পারে, ইউক্রেন

চাইছে রাশিয়ার প্রতিরক্ষাব্যুহের

করে ফেলতে। প্রসঙ্গত, ২০২২

সালে কিয়েভ দখল করতে রুশ

প্রতিরক্ষা ক্ষমতা এখনো

নজিরবিহীন। ইউক্রেনের

সেনাবাহিনী ২০২৩ সালের

সেনাবাহিনী বিফল হলেও তাদের

প্রথমার্ধে ব্রিটেন ও অন্য জায়গায়

বিশেষ প্রশিক্ষণ নিতে আর যুদ্ধের

জন্য ট্যাংকগুলোকে পূর্ব থেকে

সম্মুখ সমরে পাঠাতে যে সময়টা

মধ্যে দুটি ভাগ করে ফেলতে এবং

হয়ে আজোভ সাগরের দিকে

ছিল একটাই আশঙ্কা, যদি তাদের

নিতেই অনেকটা সময় চলে

এবারে ইউক্রেনের পক্ষে তা সম্ভব

ইউক্রেন

বেশ কিছু বাধা বিপত্তির

আপনজন

ইনসাফের পক্ষে নিভীক কণ্ঠস্বর

১৯ বর্ষ, ০৩ সংখ্যা, ১৭ পৌষ ১৪৩০, ২০ জমাদিউস সানি, ১৪৪৫ হিজরি



শিশুদের নিরাপত্তা

জ যাহারা শিশু, ভবিষ্যতে তাহারাই হইবে দেশ গড়ার কারিগর। প্রত্যেক শিশুর মধ্যে রহিয়াছে বিরাট সম্ভাবনা। আজকের শিশুরাই আগামী দিনে দেশের কর্ণধার। তাহারা দেশ ও জাতিকে আগাইয়া লইয়া যাইবে. উন্নত করিবে শির বিশ্বদরবারে। এই সকল শিশুর বিচরণপক্ষত্র হইতেছে মাতৃক্রোড়, উন্মুক্ত প্রান্তর, শিক্ষাঙ্গন। কিন্তু চরম দুর্ভাগ্যের বিষয়, এই একবিংশ শতাব্দীতে আসিয়াও বহু শিশু তাহাদের শৈশব হারাইতেছে। সহিংসতার শিকার হইতেছে। অকালে ঝরিয়া যাইতেছে পৃথিবীর বুক হইতে। বিশ্বনবি মুহাম্মদ (স.) বলিয়াছেন, 'শিশুরা বেহেশতের প্রজাপতি। প্রজাপতি যেমন তাহাদের সুন্দর শরীর ও মন দিয়া ফুলবনের সৌন্দর্য বর্ধিত করে, তেমনি শিশুরাও তাহাদের সুন্দর মন ও অমলিন হাসি দিয়া পৃথিবীর সৌন্দর্য বর্ধন করে।' অথচ দেশব্যাপী এই সকল নিপ্পাপ শিশুর প্রতি নানা ধরনের সহিংসতা বাড়িয়া চলিয়াছে, যাহা অত্যন্ত দুঃখজনক।

পত্রিকান্তরে প্রকাশ, ২০১৮ সালের সেপ্টেম্বর হইতে ২০২৩ সালের জন পর্যন্ত ৮ হাজার ৮৩২ জন শিশু সহিংসতার শিকার হইয়াছে। যাহার বিপরীতে মামলা হইয়াছে ৪ হাজার ৬৭৫টি; কিন্তু সাজা পাইয়াছে মাত্র ২৪ জন অপরাধী। গত পাঁচ বছরে ২ হাজার ৫৯০ জন শিশুকে হত্যা করা হইয়াছে। ইহা ছাড়াও ধর্ষণের শিকার হইয়াছে ৩ হাজার ৫৯৬ জন এবং শারীরিক নির্যাতনের শিকার হইয়াছে ৫৮০ জন। এই উপাত্ত শুধু গণমাধ্যম এবং সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারিত সংখ্যার ভিত্তিতে প্রকাশ করা হইয়াছে। তাহার মানে, প্রকৃত সংখ্যা ইহার চাইতেও অনেক অধিক। মানুষের বিবেকবোধ কতটা লোপ পাইলে, সামাজিক অবক্ষয় কতটা মারাত্মক রূপ ধারণ করিলে তাহারা শিশু হত্যার মতো এমন গর্হিত কাজ করিতে পারে তাহা ধারণার বাহিরে। ভাবিতেও অবাক লাগে, মানুষ এখন কতটা নিষ্ঠুর হইয়া উঠিয়াছে!

শিশুদের প্রতি সহিংসতা বর্তমানে সামাজিক ব্যাধিতে পরিণত হইয়াছে, যাহা খুবই উদ্বেগজনক। অধিকাংশ ক্ষেত্রে পারিবারিক কলহ, প্রতিহিংসা, লোভ-লালসা চরিতার্থ, জায়গাজমি বা সম্পত্তি লইয়া শত্রুতা বা বিরোধ, মুক্তিপণ ও স্বার্থ আদায়, সামাজিক অস্থিরতা এবং অবক্ষয়, মূল্যবোধের অভাব, পিতা-মাতার সম্পর্কের জটিলতা, ব্যক্তিগত আক্রোশ, মানসিক বিষাদ, হতাশা ইত্যাদি কারণে শিশুদের উত্পীড়ন, বলাত্কার ও হত্যা করা হইতেছে। শিশুদের প্রতি এমন সহিংসতা খুবই মর্মান্তিক, যাহা তাহাদের পরিবারকে যেমন বেদনাহত ও ক্ষুব্ধ করে, তেমনি সুস্থ-স্বাভাবিক মানুষকে স্তম্ভিত করিয়া তোলে। পত্রিকার পাতায় শিশুদের প্রতি সহিংসতার যেই সমস্ত লোমহর্ষক কাহিনি ছাপা হইতেছে, তাহা দেখিলে বাক্রুদ্ধ হইয়া যাইতে হয়। সন্তানহারা পিতা-মাতার কান্না আর আর্তনাদ দেখিয়া চোখের পানি আটকাইয়া রাখা যায় না।

আমাদের দেশে শিশুর প্রতি সহিংসতা রোধে বেশ কিছু আইন রহিয়াছে। শিশুদের সুরক্ষার জন্য এই সমস্ত আইনের যথাযথ প্রয়োগ ও ব্যবহার নিশ্চিত করিতে হইবে। অনেক সময় অপরাধীরা প্রভাবশালীদের ছত্রছায়ায় থাকায় আইনি প্রক্রিয়া স্বাভাবিক গতি পায় না। আইনের ম্যারপ্যাঁচ এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিজ্রিয়তার কারণে অপরাধীরা পার পাইয়া যায়। ইহা ছাড়াও অনেক সময় আইনের সঠিক প্রয়োগ ও ব্যবহার না করা এবং বিচারহীনতার সংস্কৃতির কারণে আসামির শাস্তি নিশ্চিত করা যায় না। দ্রুত বিচারের মাধ্যমে যদি অপরাধীদের দৃষ্টান্তমূলক শান্তির ব্যবস্থা করা হয়, তাহা হইলে তাহাদের অপরাধ করিবার স্পৃহা কমিয়া যাইবে। দেশকে শিশুর নিরাপদ বসবাসের উপযোগী করিয়া তুলিবার জন্য সরকারের পাশাপাশি ব্যক্তিগতভাবেও উদ্যোগ লইতে হইবে। শুধু আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর উপর নির্ভর না করিয়া সমাজের সর্বস্তরের মানুষকে লইয়া ঐক্যবদ্ধ আন্দোলন গড়িয়া তুলিবার মাধ্যমে দেশকে শিশুবান্ধব হিসাবে গড়িয়া তুলিতে হইবে। অপরাধীদের ভয়াবহ দানবীয়তা শেষ হইয়া তাহাদের হূদয়ে মনুষত্বের জাগরণ এবং শুভবুদ্ধির উদয় হউক–ইহাই দেশের প্রতিটি শান্তিপ্রিয় নাগরিকের

বিবিসির প্রতিবেদন

বিশ্বজুড়ে যুক্তরাষ্ট্র ও পশ্চিমাদের প্রভাব কমতে শুরু করেছে?

নিয়েছে, তত দিনে রাশিয়া আধুনিক ইতিহাসের সবচেয়ে বড় ও দীর্ঘ বিস্তৃত প্রতিরক্ষামূলকব্যুহ তৈরি করে ফেলেছে। সব সরঞ্জাম নিয়ে ইউক্রেন যখন যুদ্ধক্ষেত্রে যাওয়ার জন্য প্রস্তুত, তখন রুশ কমান্ডাররা মানচিত্রটি দেখে সঠিকভাবে অনুমান করে ফেলেন যে ঠিক কোথায় অর্থাৎ যুদ্ধ যদি আরো চলতে থাকে ইউক্রেনের প্রচেষ্টা সবচেয়ে তাহলে তা ন্যাটো এবং ইউরোপীয় জোরাল হতে চলেছে। ইউক্রেনের পরিকল্পনা ব্যর্থ করতে ট্যাংকবিধ্বংসী মাইন, অ্যান্টি-পার্সোনাল মাইন, বাংকার, খাদ, ট্যাংক ফাঁদ, ড্রোন এবং আর্টিলারি মজুদ করে রাশিয়া তত দিনে ঢেলেছে। অথচ গত বছর এই সময় যদ্ধের জন্য তৈরি। ফলে ইউক্রেনের বহুল আলোচিত পাল্টা আক্রমণ ব্যর্থ হয়। ফলে সব মিলিয়ে ইউক্রেন ও পশিমাদের পশ্চিমা প্রশিক্ষণ পেলে ইউক্রেনের সমীকরণ ভুল দিকে যাচ্ছে। ইউক্রেনে গোলাবারুদ ও সেনার দখলে থাকা অংশ ফিরিয়ে আনতে সংকট দেখা দিয়েছে। অন্যদিকে, ইউক্রেনকে সাহায্য করতে হোয়াইট হাউসের ছয় হাজার কোটি ডলারের সামরিক সহায়তার প্রচেষ্টাকে আটকে রেখেছে কংগ্রেস। পাশাপাশি হাঙ্গেরি আটকে রেখেছে ইউরোপীয় ইউনিয়নের পাঁচ হাজার কোটি ইউরোর তহবিল। এর মধ্যে একটি বা দুটি সহায়তা প্যাকেজই হয়ত শেষ পর্যন্ত সবুজ সংকেত পেয়ে যেতে পারে। কিন্তু তাতে হয়তো ইউক্রেনের জন্য অনেকটা দেরি হয়ে যাবে। ইতিমধ্যে ইউক্রেনের সেনাবাহিনীকে রণকৌশল বদলে প্রতিরক্ষামূলক পন্থা নিতে হয়েছে। এদিকে মস্কোর ভ্লাদিমির পুতিনকে প্রতিশোধ নিতে অর্থনীতি কিন্তু যুদ্ধের বিষয়টাকেই সব চাইতে বেশি গুরুত্ব দিচ্ছে। রাশিয়া তাদের বাজেটের এক তৃতীয়াংশ প্রতিরক্ষায় ব্যয় করেছে ইউক্রেনের ফ্রন্টলাইনে হাজার সময় চলে যাওয়ার পরে যখন জুন হাজার সেনা মোতায়েন করতে আর এবং বিপুল পরিমাণ ক্ষেপণাস্ত্রের ওপর। স্বাভাবিকভাবেই এই পরিস্থিতি ইউক্রেনের জন্য খুবই হতাশাজনক। তারা ভেবেছিল, এত দিনে হয়ত যুদ্ধের ফল তাদের পক্ষে হবে। কিন্তু প্রশ্ন হলো, পশ্চিমাদের কাছে কেন এটা গুরুত্বপূর্ণ? এটা গুরুত্বপূর্ণ কারণ ভ্লাদিমির পুতিন, যিনি দক্ষিণে এগোতে চায়। তারা এটাও ব্যক্তিগতভাবে প্রায় দুই বছর আগে এই আক্রমণের আদেশ দিয়েছিলেন, বিজয় ঘোষণা করার জন্য যে অঞ্চলটা রাশিয়ার দখল ল ভখণ্ড থেকে ক্রিমিয়াকে বিচ্ছিন্ন করেছে (ইউক্রেনের প্রায় ১৮ শতাংশ) শুধু সেটা ধরে রাখতে হবে। ইতিমধ্যে ন্যাটো তার মিত্রপক্ষ ইউক্রেনকে সমর্থন করতে অস্ত্রাগার খালি করে দেওয়ার পাশাপাশি যুদ্ধের জন্য আর যা যা প্রয়োজন সবই করেছে। তবে রাশিয়ার আগ্রাসনকে প্রতিহত করতে ন্যাটোর এই প্রচেষ্টা হয়ত 'বিব্রতকর ব্যর্থতায়' পরিণত হতে পারে। এদিকে বাল্টিক রাষ্ট্র



এস্তোনিয়া, লাটভিয়া ও বিশ্বের কাছে তা মোটেই তেমনটা লিথুয়ানিয়ার মতো ন্যাটোর সদস্য দেশগুলো নিশ্চিত, ভ্লাদিমির পুতিন অনেক দেশ এটাকে ইউরোপের সমস্যা হিসেবে দেখছে। কেউ যদি ইউক্রেনে সফল হতে পারেন, তাহলে আগামী পাঁচ বছরের মধ্যে আবার বলেছে রাশিয়াকে তাদের (ন্যাটোর অন্তর্গত ওই উসকানোর জন্য ন্যাটো দায়ী। এই তিনটি দেশ) দিকেও ধেয়ে দেশগুলো অবশ্য রাশিয়ার সেনাবাহিনীর অত্যাচার ও হেনস্থার ভ্লাদিমির পুতিন পর ইউক্রেনের যে অবস্থা হয়েছে সেদিকে বিশেষ নজর দেয়নি। তত্ত্ব মতে, রুশ প্রেসিডেন্ট 'ওয়ান্টেড'-এর তালিকায় গাজা রয়েছেন। দ্য হেগের আন্তর্জাতিক সম্প্রতি রিয়াদে এক শীর্ষ সম্মেলনে আরবের মন্ত্রীরা বলেছিলেন, অপরাধ আদালত এবং তার শিশু অধিকার কমিশনার ইউক্রেনীয় পশ্চিমা দেশগুলো 'দ্বিচারী'। তারা

শিশুদের বিরুদ্ধে সংঘটিত বলেছিলেন, 'তোমাদের যুদ্ধাপরাধের অভিযোগে ২০২৩ সরকারগুলো সব ভণ্ড।' সালের মার্চ মাসে তাঁকে অভিযুক্ত 'কি আশা করেন, আমরা ইউক্রেনে করেছেন। পশ্চিমারা আশা বেসামরিক নাগরিকদের হত্যার করেছিল, এর পর হয়ত জন্য রাশিয়ার নিন্দা করব, যেখানে আন্তর্জাতিক স্তরে ভ্লাদিমির আপনারা গাজায় যুদ্ধবিরতি পুতিনকে 'একঘরে' করে দেওয়া প্রত্যাখ্যান করেছেন। সেখানেও তো হবে। একই সঙ্গে, গ্রেপ্তার এবং দ্য হাজার হাজার বেসামরিক হেগে নির্বাসনের ভয়ে তিনি নিজের নাগরিকদের মারা যাচ্ছে! দেশেই সীমাবদ্ধ থাকবেন। তবে তা ইসরায়েল-হামাস যুদ্ধ স্পষ্টতই সব হয়নি। এই অভিযোগের পর থেকে গাজাবাসীর জন্য এবং ৭ অক্টোবর প্রেসিডেন্ট পুতিন বিভিন্ন দেশ ভ্রমণ দক্ষিণ ইসরায়েলে হামাসের করেছেন। কিরগিজস্তান, চীন, প্রাণঘাতী আক্রমণে ক্ষতিগ্রস্ত সংযুক্ত আরব আমিরাত ও সৌদি ইসরায়েলিদের জন্য বিরাট আরবে তিনি সমাদরও পেয়েছেন। বিপর্যয়। পশ্চিমাদের জন্যও এই দক্ষিণ আফ্রিকায় ব্রিকসের শীর্ষ যুদ্ধ ক্ষতিকারক। এই যুদ্ধ বিশ্বের সম্মেলনেও ভার্চুয়ালি অংশ মনোযোগ ন্যাটো মিত্র গোষ্ঠী নিয়েছেন তিনি। এ ছাড়া মনে করা ইউক্রেনের ওপর থেকে সরিয়ে হয়েছিল, ইউরোপীয় ইউনিয়নের নিয়েছে। প্রসঙ্গত, রাশিয়ার (ইইউ) পক্ষ থেকে জারি করা আগ্রাসান থামাতে ইউক্রেন এখন একের পর এক নিষেধাজ্ঞা রাশিয়ার হিমশিম খাচ্ছে। কিয়েভ থেকে অর্থনীতিকে প্রায় ভেঙে ফেলবে, মার্কিনদের সামরিক সহায়তা যা পুতিনকে তাঁর আগ্রাসন সরিয়ে নেওয়ার সিদ্ধান্ত আবার ইসরায়েলের পক্ষে গেছে। প্রত্যাহার করতে বাধ্য করবে। কিন্তু সর্বোপরি বিশ্বের অনেক তবে রাশিয়া যে এই নিষেধাজ্ঞাগুলো মোকাবেলা করতে সক্ষম তা প্রমাণ মুসলমান এবং অন্যদের দৃষ্টিতে করে দিয়েছে। তারা চীন ও যক্তরাষ্ট্র ও ব্রিটেনকে গাজার ধ্বংসাত্মক পরিণতির অংশীদার কাজাখস্তানের মতো অন্যান্য দেশের মাধ্যমে বিভিন্ন পণ্যও বলেও অভিযোগ তুলেছে। কারণ তারা ইসরায়েলকে জাতিসংঘে সংগ্রহ করেছে। এটা ঠিক, পশ্চিমারা নিজেদের সরিয়ে সুরক্ষা দিয়েছে। রাশিয়ার বিমানবাহিনী সিরিয়ার আলেপ্পো নিলেও, মস্কো তেল ও গ্যাসের গ্রাহক হিসেবে অন্যদের পেয়েছে। শহরে ব্যাপক বোমা বর্ষণ করেছে। বাস্তবে দেখা গেছে, ইউক্রেনে গত ৭ অক্টোবর থেকে মধ্যপ্রাচ্যে পুতিনের আগ্রাসন ও দখলের সময় সামরিক শক্তি বৃদ্ধির প্রমাণ পাওয়া

যেখানে ইরান সমর্থিত হুতিরা জাহাজগুলোতে বিস্ফোরক ড্রোন এবং ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করছে। এর ফলে পণ্যের দাম বেড়ে যাচ্ছে। কারণ বিশ্বের প্রধান শিপিং সংস্থাগুলো তাদের যাত্রাপথ আফ্রিকার দক্ষিণ প্রান্ত দিয়ে ঘুরিয়ে দিতে বাধ্য হচ্ছে। ইরান ইরানকে নিয়ে আশঙ্কা করা হচ্ছে,

তারা গোপনে পারমাণবিক অস্ত্র

এই প্রেক্ষিতে পশ্চিমাদের প্রচেষ্টা

সত্ত্বেও ইরানকে 'একঘরে' করা

সম্ভবই হয়নি। বরং ইরাক, সিরিয়া,

তারা অস্বীকার করেছে।

তৈরি করছে। এই অভিযোগ যদিও

লেবানন, ইয়েমেন এবং গাজাজডে 'প্রক্সি মিলিটারি' মোতায়েনের মাধ্যমে নিজেদের সামরিক ঘাঁটি প্রসারিত করেছে। তারা সেখানে অর্থ যোগায়, প্রশিক্ষণ দেয় এবং অস্ত্র সরবরাহও করে। ইরান এই বছর মস্কোর সঙ্গে একটি ঘনিষ্ঠ জোট তৈরি করেছে। যা স্পষ্টতই ইউক্রেনের বিভিন্ন শহরে ড্রোন হামলা চালানোর জন্য বিশাল ভাণ্ডারের যোগান দেবে। গাজায় যুদ্ধ থেকে ইরান কিন্তু উপকৃত হয়েছে। 'ফিলিস্তিনিদের স্বার্থের' কথা বলে এই দেশ মধ্যপ্রাচ্যে নিজের জায়গা তৈরি করতে পেরেছে। আফ্রিকার সাহেল পশ্চিম আফ্রিকার সাহেল অঞ্চলের একের পর এক দেশ সামরিক অভ্যুত্থানের কাছে নতি স্বীকার করছে, যার ফলে ইউরোপীয় বাহিনীকে ওই অঞ্চল থেকে বের হয়ে যেতে হয়েছে। ওই অঞ্চলগুলোতে জিহাদি বিদ্রোহ মোকাবেলা করতে সাহায্য করছিল ইউরোপীয় বাহিনী। মালি, বুরকিনা ফাসো এবং মধ্য আফ্রিকান প্রজাতন্ত্রের সাবেক ফরাসি উপনিবেশগুলো ইতিমধ্যে ইউরোপীয়দের বিরুদ্ধে চলে গেছে। এর কারণ গত জলাইয়ে আরেকটি সামরিক অভ্যুত্থানের সময় নাইজারে পশ্চিমাপন্থী রাষ্ট্রপতিকে ক্ষমতাচ্যুত করা হয়। ইতিমধ্যে, ফরাসি সেনারা দেশ ছেড়ে চলে গেছে। যদিও দুটি ঘাঁটিতে এখনো ৬০০ মার্কিন সেনা রয়ে গেছে। ফরাসি এবং আন্তর্জাতিক বাহিনীর পরিবর্তে ওয়াগনার গোষ্ঠীর ভাড়াটে রুশ সেনারা এসেছে। গত আগস্টে একটি বিমান দুর্ঘটনায় তাদের নেতা ইয়েভগৌন প্রিগৌজনের রহস্যজনক মৃত্যু সত্ত্বেও তাঁর লাভজনক ব্যবসায়িক চুক্তিগুলো ধরে রাখতে সক্ষম হয়েছে এই গোষ্ঠী। এদিকে দক্ষিণ আফ্রিকা, যাকে এক সময় পশ্চিমাদের মিত্র হিসাবে মনে করা হত, তারা রাশিয়া ও চীনের যুদ্ধজাহাজের সঙ্গে যৌথ নৌ মহড়া চালিয়ে আসছে। উত্তর কোরিয়া

নিষিদ্ধ পারমাণবিক অস্ত্র ও ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র কর্মসূচির কারণে ডেমোক্রেটিক পিপলস রিপাবলিক অব কোরিয়ার উচিৎ কঠোর আন্তর্জাতিক নিষেধাজ্ঞার আওতায় থাকা। তবে এ বছর তারা রাশিয়ার সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে তুলেছে। ইতিমধ্যে, কিম জং উন রাশিয়ার একটি স্পেসপোর্ট পরিদর্শন করেছেন। এর পরই উত্তর কোরিয়া ইউক্রেনে যুদ্ধরত রুশ বাহিনীর কাছে ১০ লাখ আর্টিলারি শেল পাঠিয়েছে। অন্যদিকে, তারা (উত্তর কোরিয়া) বেশ কয়েকটি আন্তর্মহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালিয়েছে। এই ক্ষেপণাস্ত্রগুলো মহাদেশীয় যুক্তরাষ্ট্রের অধিকাংশ অংশে আঘাত হানতে সক্ষম বলে আশঙ্কা করা হচ্ছে।

সান ফ্রান্সিসকোতে প্রেসিডেন্ট বাইডেন ও শির মধ্যে একটি সফল শীর্ষ বৈঠকের পর বেইজিং ও ওয়াশিংটনের মধ্যে 'সমস্যা' কিছুটা কমেছে। কিন্তু দক্ষিণ চীন সাগরের অধিকাংশ অংশের ওপর চীন তাদের দাবি থেকে সরে আসার কোনো লক্ষণ দেখায়নি। বরং তারা একটা নতুন 'স্ট্যান্ডার্ড' মানচিত্র জারি করেছে, যা এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় বেশ কয়েকটি দেশের উপকূলরেখা পর্যন্ত বিস্তৃত। অন্যদিকে, তাইওয়ানের ওপর তাদের দাবিও চীন ছাড়েনি। প্রয়োজনে বল প্রয়োগ করে 'ফিরিয়ে নেওয়ার' অঙ্গীকারও করেছে তারা।

আশাবাদী হওয়ার কারণ আছে

এই হতাশাজনক পরিস্থিতিতে পশ্চিমা দেশগুলোর পক্ষে আশার আলো দেখা সম্ভবত কঠিন। কিন্তু পশ্চিমা দেশগুলের পক্ষে যে বিষয়টি রয়েছে, তা হলো, ইউক্রেনে রাশিয়ার আগ্রাসনের বন্ধ করতে গিয়ে ন্যাটোর অন্তর্গত দেশগুলো তাদের প্রতিরক্ষামূলক লক্ষ্য আরো একবার আবিষ্কার করেছে। পশ্চিমা ঐকমত্য অনেককে বিশ্মিত করেছে; যদিও এতে কিছু ফাটল দেখা দিতে শুরু করেছে। তবে এ বিষয়ে উন্নতির সর্বাধিক সম্ভাবনা রয়েছে মধ্যপ্রাচ্যে। এর আংশিক কারণ হলো, গাজা-ইসরায়েল সীমান্তের দুই পাশে ঘটে যাওয়া ভয়াবহ ঘটনা। ভবিষ্যতের ফিলিস্তিনি রাষ্ট্রের বিষয়ে তোলা প্রশ্নের সমাধান ৭ অক্টোবরের আগে প্রায় পরিত্যাগ করা হয়েছিল। ইসরায়েল ভেবেছিল নিরাপত্তা ব্যবস্থার মাধ্যমে ফিলিস্তিনিদের সমস্যার সমাধান হতে পারে, এর জন্য পৃথক রাষ্ট্রের প্রয়োজন নেই। এই ধারণা কিন্তু ইতিমধ্যে মারাত্মক ক্রটিপূর্ণ বলে প্রমাণিত হয়েছে। একাধিক আন্তর্জাতিক নেতা বলেছেন, ফিলিস্তিনিরা যদি শান্তি ও নিরাপত্তার মধ্যে বসবাস করতে না পারে তাহলে ইসরায়েলের পক্ষেও সেটা সম্ভব হবে না। এই সমস্যার ন্যায়সঙ্গত সমাধান খুঁজে পাওয়া বেশ কঠিন। কিন্তু শেষ পর্যন্ত যদি এটা সফল হয়, তবে উভয় পক্ষকেই 'কষ্টদায়ক সমঝোতা' এবং আত্মত্যাগের মধ্যে দিয়ে যেতে হবে। কিন্তু এখন অন্তত এটা বিশ্বের মনোযোগ আকর্ষণ করতে পেরেছে–এটা নিশ্চিত।

এম ওয়াহেদুর রহমান

লেভারের পাতা থেকে বিদায় নিয়েছে ২০২৩ সাল। তাই সমগ্র বিশ্বের মানব মন্ডলী সাদর অভ্যর্থনায় বরণ করে নিয়েছে ২০২৪ সালকে। মানবেতিহাসের ক্রমবিবর্তনে এগিয়ে চলেছে মানবসভ্যতা, ক্রমশঃ এগিয়ে চলেছে মানবোন্নয়নের রথ চাকা , হর্ষ বিষাদে অতিবাহিত হচ্ছে মনুষ্য জীবন - জীবিকা।আর এই সকল তথ্যের সংকুলান দেয় ইতিহাস। ইতিহাস যেমন কখনো হয় হাজারো সুখস্মৃতির রোমন্থন তেমনি আবার হয়ে উঠে বিভীষিকাময়। ২০২৪ সালের শুরুতেই দাঁড়িয়ে ২০২৩ সালকে শেষ বারের মতো আর একটিবার দেখার ইচ্ছে হয়। কেননা এই বছর টি তে অর্থাৎ ২০২৩ সাল টি তে জাতীয় - আন্তর্জাতিক ক্ষেত্রে বহু ঘটনার সাক্ষী থেকেছি আমরা। আন্তর্জাতিক ক্ষেত্রে ২০২৩ সালের সর্বাপেক্ষা লোমহর্ষক ঘটনা প্রবাহ হচ্ছে ইসরাইলে হামাসের হামলা এবং এরপর গাজায় ইসরাইলের পাল্টা আক্রমনের ঘটনা। রকেটের পর রকেট হামলা ছাড়াও হামাস যোদ্ধারা শক্তিশালী সীমানা প্রাচীর ভেঙ্গে ইসরাইলের ভেতরে ঢুকে

পড়ে। ইসরাইলের এক হাজার

দুইশ জন নিহত হয় এবং দুইশো

স্মৃতির প্রেক্ষাপটে বর্ষ পরিক্রমা- ২০২৩

দেখানো নৃশংসতা পশ্চিমা

দেশগুলোর কাছে ঘৃণ্য হলেও বাকি

চল্লিশ জন কে বন্দী করা হয়। প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর ভাষায় এই আক্রমণ আসলে ' ভয়ঙ্কর প্রতিশোধ '। ইসরাইল পাল্টা আক্রমণ করে গাজায়। এই হামলার ফলে গাজার হামাস নিয়ন্ত্রিত স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী মৃত্যুর সংখ্যা একুশ হাজার ছাড়িয়ে গেছে।গাজায় উনিশ লাখ মানুষ বাস্তচ্যুত হয়েছে। ফেব্রুয়ারি মাসে রাশিয়া - ইউক্রেন যুদ্ধের এক বছর পূর্ণ হয়। ধুঁকতে থাকা এই ইউক্রেন যুদ্ধ বড় ধাক্কা খায় হামাস - ইসরাইল যুদ্ধের প্ৰেক্ষাপটে। বড় ধাক্কা খেলে ও তা বড় প্রভাব সৃষ্টি করেছে বিশ্বের অর্থনীতিতে। এই যুদ্ধ কতদিন চলবে বা কিভাবে শেষ হবে তা এখনো অনিশ্চিত। ২০২৩ সালে বিশ্বে বেশ কয়েকটি ভূমিকম্প হয়েছে। তবে তুরস্ক - সিরিয়া ও মরক্কোর ভূমিকম্প বিশ্ববাসীর টনক নাড়িয়ে দিয়েছে। ৬ ফেব্রুয়ারি সিরিয়া - তুরস্ক সীমান্তের নিকট প্রায় এক হাজার কিলোমিটার ধরে ৭.৮ মাত্রার ভূমিকম্প আঘাত হানে। যার দরুন তুরস্ক - সিরিয়া মিলে মৃত্যু হয় ৫০ হাজারের ও বেশি মানুষের, গৃহহীন হয় লাখো

মানুষ। আবার মরক্কোতে



৬.৮ মাত্রার ভূমিকম্প আঘাত হানে ৮ সেপ্টেম্বর রাতে। মৃত্যু হয় ৩ হাজার মানুষের। ১৭ অক্টোবর আফগানিস্তানের হেরাত প্রদেশে ৬.৬ মাত্রার একটি ভূমিকম্প আঘাত করে, যাতে ২ হাজারেরও বেশি মানুষের মৃত্যু হয়। তুরস্কে প্রলয়ংকরী ভূমিকা সত্ত্বেও এরদোগান মে মাসের নির্বাচনে ৫০ শতাংশেরও বেশি ভোট পেয়ে পুনর্নির্বাচিত হন। টাইটানিকের

ধ্বংসস্তৃপ দেখার জন্য ১৮ জুন উত্তর আটলান্টিক মহাসাগরের গভীর তলদেশে পাড়ি দিয়ে নিখোঁজ হন পাঁচ জন আরোহী। ওশেনগেট কোম্পানির টাইটান নামক ছোট্ট ডুবোযানটি সাগরে ডুব দেবার ৯০ মিনিট পর ১২ হাজার ৫০০ ফুট নিচে পানির প্রচন্ড চাপে ধ্বংস হয়ে যায়। ঐ পাঁচ জনের দেহাবশেষের ও সন্ধান পাওয়া যায় নি। এই বছরের জুলাই মাসের

বৈশ্বিক তাপমাত্রা নতুন রেকর্ড সৃষ্টি করেছে। তীব্র গরমে হাঁস ফাঁস অবস্থায় পার হয়েছে সাধারণ মানুষ। বিশ্বের সর্বাপেক্ষা জনবহুল দেশ হিসেবে ২০২৩ সালে চীন কেও ছাড়িয়ে গেছে ভারত। মধ্য প্রাচ্যের দুই বৈরী দেশ ইরান আর সৌদি আরবের পররাষ্ট্রমন্ত্রীদের এপ্রিল মাসে বৈঠকের ঘটনা ছিল এই বছরের আলোচিত উল্লেখযোগ্য বিষয়। আবার মে মাসে সিরিয়ার

প্রেসিডেন্ট বাশার আল আসাদের আরব লীগে পুনরায় যোগদান ও ছিল আলোচিত বিষয়। এই বছরেই পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খান গ্রেপ্তার হন এবং তার প্রতিদ্বন্দ্বী নওয়াজ শরীফের ভাই শেহবাজ শরীফ ক্ষমতায় আরোহণ করেন। দীর্ঘ নির্বাসন কাটানোর পর নওয়াজ শরিফ দেশে ফিরে আসেন। ব্রিটেনের রানী এলিজাবেথের মৃত্যুর

গেছে। যুদ্ধ ইতিমধ্যে দক্ষিণ

লোহিত সাগরে ছড়িয়ে পড়েছে,

এই চার্লসের অভিষেকের অনুষ্ঠান হয় ৬ মে। চার্লসের অভিষেকের কিছুক্ষণ পরই তার স্ত্রী ক্যামিলার অভিষেক হয় রাণী হিসেবে। ২০২৩ সালে কানাডার ব্রিটিশ কলাম্বিয়া প্রদেশের একটি শিখ মন্দিরের বাইরে ১৮ জুন গুলি করে হত্যা করা হয় কানাডার শিখ নেতা হরদিপ সিং নিজ্জারকে - এই ঘটনা কে কেন্দ্র করে ভারত - কানাডা দ্বন্দের সৃষ্টি হয়। ২০১৯ সালে করা মন্তব্যের জন্য কংগ্রেস সাংসদ রাহুল গান্ধী কে দু বছরের জন্য কারাদণ্ডের নির্দেশ দেয় সুরাটের একটি আদালত। পর দিনই তাঁর সাংসদ পদ খারিজের বিজ্ঞপ্তি জারি করা হয় লোকসভা থেকে । পরে অবশ্য তিনি সাংসদ পদ ফিরিয়ে পেয়েছেন। এই বছরের ক্রিকেট বিশ্বকাপ ফাইনালে ভারত হেরে যায় অস্ট্রোলিয়ার কাছে । তবে কাপ না জিতলেও টুর্নামেন্টের সর্বোচ্চ দুই রান স্কোয়ার হন বিরাট কোহলি এবং রোহিত শর্মা। উত্তরকাশীর সুরঙ্গে ১৭ দিন ধরে আটকে থাকা ৪১ জন শ্রমিক কে উদ্ধার করা হয় ' অপারেশন জেন্দেগির ' মাধ্যমে। এ বছর চন্দ্রভিযানে সাফল্যের শিরোপা

পর রাজা হন তার পুত্র চার্লস।

উঠে এসেছে ভারতের মাথায়। প্রয়াত হয়েছেন সুপ্রিম কোর্টের প্রাক্তন প্রথম মহিলা বিচারপতি এম ফাতিমা। ২ জুন ওড়িশার বালেশ্বরে ভয়াবহ ট্রেন দুর্ঘটনা ঘটে। ২০২৩ সালে পশ্চিমবঙ্গে ফর্ম ফিলাপ করে ও মাধ্যমিক পরীক্ষায় বসে নি ২ লক্ষ পড়ুয়া। সাগর দিঘী তে বড ব্যাবধানে জয়ী হয় বাম সমর্থিত কংগ্রেস প্রার্থী বাইরন বিশ্বাস, পরে অবশ্য তিনি তৃনমূল কংগ্রেসে যোগদান করেন। এই বছরেই পশ্চিমবঙ্গে অনুষ্ঠিত হয় পঞ্চায়েত নির্বাচন। মণিপুরে গোষ্ঠী সংঘর্ষের দরুন কয়েক শো মানুষ প্রান হারিয়েছেন। বিবস্ত্র করে দুই কুকি মহিলা কে নির্যাতনের ছবি সোস্যাল মিডিয়ায় ভাইরাল হওয়ার পরেই দেশে বিষয় টি নিয়ে হইচই হয়। মেরুকরণের রাজনীতি কে ধাক্কা দিয়ে কর্নাটকে নিরস্ক্রশ ভাবে সরকার গঠন করেছে কংগ্রেস। তবে বছরের শেষে পাঁচ টি রাজ্যের নির্বাচনের ৩ টি রাজ্যে ক্ষমতা দখল করেছে বিজেপি। ২৮ টি বিরোধী দলের যৌথ মঞ্চ হিসেবে গড়ে উঠেছে ' ইন্ডিয়া ' জোট। রাস্তায় দাঁড়িয়ে আন্দোলন করেছে পদক জয়ী কুস্তিগীররা। সুতরাং ২০২৩ সাল টি বিশ্ব মানবতার ইতিহাসে সম্পূর্ণরূপে হাস্যোজ্জ্বল নজির গড়তে না পারলেও ২০২৪ সাল টি হয়তো বিশ্ব মানবতার মাঝে ফিরিয়ে নিয়ে আসবে সোনালি দিন, ফিরে আসবে মানুষের হাস্যোজ্জ্বল

প্রথম নজর

বৈদ্যুতিন বর্জ্য সংগ্রহ কেন্দ্রের সূচনা বালুরঘাটে



অমরজিৎ সিংহ রায় 🗕 বালুরঘাট আপনজন: দিশারী সংকল্প ও বালুরঘাট সাইকেল কমিউনিটি এবং কলকাতার হুলাডেক সংস্থার উদ্যোগে বালুরঘাট বেলতলাপার্কে দিশারী সংকল্পের নিজস্ব কার্যালয়ের সামনে অস্বায়ী ভাবে উদ্বোধন হল বৈদ্যুতিন বৰ্জ্য সংগ্ৰহ কেন্দ্র। উদ্বোধন করলেন পরিবেশ কর্মী ও কবি অমল বসু। ছিলেন দিশারী সংকল্পের সম্পাদক তুহিন শুভ মণ্ডল, সদস্য ঋক গুহু বালুরঘাট সাইকেল কমিউনিটির কো-অর্ডিনেটর সনাতন প্রামাণিক।

এখানে যে কোনও প্রকার ইলেকট্রনিক বর্জ্য সংগ্রহ করা হবে। সকাল ৮ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত যে কোনও সময়েই

এই বৈদ্যুতিন বর্জ্য দিয়ে যাওয়া যাবে। নির্দিষ্ট পরিমাণ বর্জ্য জমা হলেই তা রিসাইক্লিং-এর জন্য এসে নিয়ে যাবে শিলিগুড়ির একটি সংস্থা। উদ্যোক্তা সংস্থার সম্পাদক তুহিন শুল্র মণ্ডল বলেন ' ইলেকট্রনিক বর্জ্য ও সেই সম্পর্কিত দ্যণ নিয়ে সচেতনতা ও সমাধানের জন্য এই উদ্যোগ নেওয়া হয়েছে। আগামীতে বিভিন্ন পরিকল্পনা নেওয়া হবে। শিক্ষার্থী দের যুক্ত করা হবে। আজও খুদে শিক্ষার্থীরা ছিল। সবুজ ভবিষ্যৎ গড়তে ইলেকট্রনিক ওয়েস্ট নিয়ে সচেতনতা জরুরী। মানুষ বেলতলাপার্কের এই 'ই ওয়েস্ট কালেকশন সেন্টারে এসে তাদের বৈদ্যতিন বর্জ্য জমা করে যেতে পারবেন।

সুনহারি বাগ মসজিদ নিয়ে কোর্টে জামায়াত

নিজস্ব প্রতিবেদক 🔵 দিল্লি আপনজন: নতুন দিল্লি মিউনিসিপ্যাল কাউন্সিল (এন ডি এম সি) এর মাধ্যমে জনগনের উদ্দেশ্যে একটি নোটিশ জারি করে উদ্বেগজনক আলোড়ন সৃষ্টি করেছে। এই নোটিশে বলা হয়েছে যে, এন ডি এম সি এর নিকট দিল্লি ট্রাফিক পুলিশের পক্ষ থেকে একটি আবেদনপত্ৰ জমা দেয়া হয়েছে। তাতে বলা হয়েছে সুনহারি বাগ চৌরাস্তা ও তার আশপাশের ট্রাফিক ব্যবস্থা উন্নত করার জন্যে সুনহারী মসজিদকে ওখান থেকে সরিয়ে দেয়া দরকার (এটা একটা তিন তলা বিশিষ্ট হেরিটেজ বিল্ডিং) । এব্যাপারে পদক্ষেপ নিতে গিয়ে এন ডি এম সি ২০১৬ এর আইন অনুযায়ী উক্ত মসজিদ ভেঙে ফেলার কথা চিন্তা ভারনা করছে । আয়বা এরূপ গুরুত্বপূর্ণ ঐতিহাসিক উত্তরাধিকার সম্বন্ধে উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে তীব্র নিন্দা জানাচ্ছি। এব্যাপারে জামায়াতে ইসলামী হিন্দ এই মসজিদ সুরক্ষার জন্যে আদালতের শরণাপন্ন হয়েছে। জামায়াতের নায়েবে আমীর মালিক মুতাসিম খান এই কথা মিডিয়াকে দেয়া এক



বিবৃতিতে বলেছেন। এন ডি এম সির এই পদক্ষেপ প্রসঙ্গে তিনি বলেন যে , এই মসজিদ একটি ঐতিহাসিক ও ঐতিহ্যমণ্ডিত ভবন এবং দিল্লির ১৪১ টি তালিকা ভূক্ত ঐতিহ্যপূর্ণ স্থানগুলির অন্তর্ভূক্ত এবং এটা একটা ধর্মস্থান হিসাবেও উল্লেখযোগ্য। তৎকালীন জামে মসজিদের ইমাম, যিনি বর্তমান ইমামের পিতামহ, ভারতীয় মসালমদের পক্ষ থেকে তৎকালীন প্রধানমন্ত্রী নেহেরুর সাথে একটি চুক্তিতে আবদ্ধ হন , যাতে মসজিদের সুরক্ষা নিশ্চয়তা দেয়া হয়েছিল। মোটকথা এই মসজিদ সম্পর্কে ১৮ ই ডিসেম্বর ২০২৩ তারিখে দিল্লি হাইকোর্টের এক রায়ে নিশ্চয়তা দেওয়া হয়েছিল যে, এই মসজিদের কোনভাবে কোনরূপ ক্ষতি করা যাবে না।

লোকসভা ভোটে রাজ্যে লড়বে এসডিপিআই মেলায় চার বিধায়ক



আলম সেখ 🔵 কলকাতা আপনজন: সোমবার ১ জানুয়ারি সোস্যাল ডেমোক্র্যাটিক পার্টি অফ ইন্ডিয়ার পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির বৈঠক অনুষ্ঠিত হয় দলের রাজ্য অফিসে। এদিন রাজ্য কার্যকরী কমিটির সভায় পশ্চিমবঙ্গ রাজ্যে দশটি লোকসভা কেন্দ্ৰে প্রতিদ্বন্দ্বিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় উপস্থিত জাতীয় সভাপতি এম কে ফায়জী এ সিদ্ধান্তে শিলমোহর দেন। এছাড়াও সভায় ইনডিয়া জোটের নড়বড়ে অবস্থার জন্য উদ্বেগ প্রকাশ করে ইন্ডিয়া জোটে এখনও যাদের নেওয়া হয়নি তাদের নিয়ে জোটকে শক্তিশালী করার আহ্বান জানানো হয়। বাবরী মসজিদের স্থানে রামমন্দির উদ্বোধন অনুষ্ঠানে

বিজেপি বিরোধী দলগুলির উপস্থিত হওয়ার আগ্রহ কে দুর্ভাগ্যজনক বলে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। রামমন্দির উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ করলে দলগুলির বিজেপি বিরোধীতা বিশ্বাসযোগ্যতা হারাবে বলে মন্তব্য করা হয়। এদিনের এই সভায় দাবি জানানো হয় ৩১ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত দেশে বসবাসরত সকলকে নিঃশর্ত নাগরিকত্ব দিতে হবে। আগামী ২২ - ২৫ জানুয়ারি কলকাতায় হতে চলা ফ্যাসীবাদ বিরোধী মহাসম্মেলনকে ইতিবাচক পদক্ষেপ বলে স্বাগত জানান হয়। সভায় সভাপতিত্ব করেন রাজ্য সভাপতি তায়েদুল ইসলাম এবং উপস্থিত ছিলেন রাজ্য কমিটির ১৯ জন

গ্রামপঞ্চায়েতের অ্যাকাউন্ট থেকে বিপুল অংকের টাকা গায়েব

আমীরুল ইসলাম 🛡 বোলপুর **আপনজন:** কেন্দ্রের পঞ্চদশ অর্থ কমিশন থেকে পাওয়া টাকার মধ্যে প্রায় ঊনত্রিশ লক্ষ টাকা কার্যত হাওয়া। আর এই বিপুল অংকের টাকা গায়েব হয়ে যাওয়ার কারণে স্তব্ধ হয়ে গেছে এলাকার উন্নয়ন! উল্লেখ্য লাভপুরের ইন্দাস গ্রাম পঞ্চায়েতের একাউন্ট আছে একটি রাষ্ট্রয়াত্ত ব্যাংকের লাভপুর শাখায়, আর সেখান থেকেই গত মে মাসের শেষ দিক থেকে জুন মাসের প্রথম দিক পর্যন্ত দিন-বারো সময়কালের মধ্যে ২৮ লক্ষ ৬০ হাজার ১৩৯ টাকা ট্রান্সফার হয়েছে একাধিক একাউন্টে, তাৎপর্যপূর্ণভাবে ওই অ্যাকাউন্টগুলো যার নামে তিনি আবার লাভপুরের ঐ ব্যাংকের শাখার অন্তর্গত একটি সিএসপি চালাতেন, এবং তার বাড়ি ইন্দাশ পঞ্চায়েত ভবন সংলগ্ন গ্রামেই। আর এখানেই উঠছে প্রশ্ন কিভাবে এতগুলো টাকা অন্য একজনের



একাউন্টে যাওয়া সম্ভব। এদিকে বিষয়টি গড়িয়েছে আদালত পর্যন্তও।তবে এবিষয়ে কি বলছেন গ্রাম পঞ্চায়েতের এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট গৌরাঙ্গ দাস। এদিকে, মুখ খুলতে নারাজ অভিযুক্ত ওই যুবক তার দাবি বিষয়টি যেহেতু আদালতে বিচারাধীন রয়েছে তাই কোন কথা বলবে না সে। আমরা বিষয়টি সম্পর্কে সংশ্লিষ্ট ব্যাঙ্ক ম্যানেজারের

কাছে জানতে চাইলে তিনিও কাৰ্যত একই কথা বলেন,তবে জানা গেছে বিষয়টি সামনে আসতেই আপাতত বাতিল করা হয়েছে অভিযুক্ত যুবকের সিএসপি টি। যদিও এর প্রায় সম্পূর্ণ দায় ব্যাঙ্কের উপর চাপিয়ে সমষ্টি উন্নয়ন আধিকারিক শিশুতোষ প্রামাণিক জানান, উন্নয়নের কাজ শুরু করতে দ্রুত টাকা পুনরুদ্ধারের চেষ্টা চলছে।

গঙ্গাসাগর মেলার প্রস্তাত ও অগ্নি নির্বাপন ব্যবস্থা খতিয়ে দেখলেন মন্ত্ৰী



নকিবউদ্দীন গাজী 🔵 সাগর আপনজন: গঙ্গাসাগর মেলার অগ্নি নির্বাপন ব্যাবস্থার কাজ খতিয়ে দেখতে গেলেন দমকল মন্ত্ৰী সুজিত বসু ,সঙ্গে উপস্থিত ছিলেন প্রশাসনের একাধিক আধিকারিকরা। গঙ্গাসাগরের মেলার জন্য যে অস্থায়ী ঘাট গুলো তৈরি হয়েছে তা তিনি খতিয়ে দেখেন। পাশাপাশি কপিলমুনি চত্তর ও মেলা মাঠ পরিদর্শন করেন।। মূলত এবারের অন্যান্য বছরের তুলনায় পুন্যার্থীর সংখ্যা বেশি হতে পারে বলেই মনে করছেন জেলা প্রশাসন এখানে যাতে কোন খামতি না জ্বালিয়ে কোনো রান্না না করেন সেই বিষয়ের দিকে গুরুত্ব দেওয়া হচ্ছে। ঠিক তেমনি এ বছর গঙ্গাসাগরে অগ্নি সংযোগের ঘটনা ঘটে তাহলে প্রস্তুত রয়েছে দমকল বিভাগ। বছর গঙ্গাসাগর মেলার জন্য অস্থায়ী আরও ১১টি ফায়ার স্টেশন তৈরি করা হয়েছে। সাগরের বিভিন্ন পয়েন্টে এই স্টেশনগুলি

করা হয়েছে। মেলা গ্রাউন্ডে ৬টি ফায়ার স্টেশন থাকবে বাইরে হবে ৫টি। অগ্নি নির্বাপনের জন্য আরও বেশী সংখ্যক বাইক ব্যবহার করা হবে। এই বাইকে একইসঙ্গে জল ও ফোম বহন করা যায়। ফলে অগ্নি কাণ্ডের ঘটনা ঘটলে দ্রুত ঘটনাস্থলে পৌঁছে যাবে এই বাইক। জলের সমস্যা মেটানোর জন্য হাইড্রেন করা হচ্ছে। ২০৮৭টি হাইড্রেন পয়েন্ট থেকে জল সরবরাহ করা হবে। দমকলের অফিসার ও অপারেটর মিলিয়ে মোট ২৬০ জন মেলার কাজে যুক্ত হবে। এছাড়া কচুবেড়িয়ায় ১লক্ষ ৩৮ হাজার লিটার জলের ওয়াটার রিজারভার করা হয় যেখান থেকে সরাসরি দমকলের ইঞ্জিন জল ভরতে পারবে। দমকল মন্ত্রী সুজিত বসু বলেন গঙ্গাসাগর মেলাতে কোনভাবে আগুন লাগলে তার দ্রুতগতিতে নেভানো যায় সে ব্যাপারে দমকলের আধিকারিকরা সর্বদা সজাগ থাকবে। মেলার মধ্যে আগুন জালানো যাবে না।

খণ্ডঘোষের উখরিদ



মোল্লা মুয়াজ ইসলাম

খভঘোষ আপনজন: খণ্ডঘোষের উখরিদ গ্রামে মিলন মেলায় চার বিধায়ক উপস্থিত । শান্তি সম্প্রীতি ও সৌহার্দের লক্ষ্যে পীর শাহাঙ্গীরের নামে গত ২৮ বছর ধরে এই মেলা হয়ে আসছে। মেলার মূল উদ্যোক্তা বিশিষ্ট সমাজসেবী হবিবুর রহমান উরফে চাঁদ। জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে সমস্ত মানুষকে একত্রিত করে শান্তি সম্প্রীতি ও সৌহার্ডের বার্তা দেওয়া হয় এই মেলা থেকে । মেলায় উপস্থিত হয়েছিলেন খণ্ডঘোষের বিধায়ক নবীনচন্দ্র বাগ ্রায়নার বিধায়িকা শম্পা ধারা ,জামালপুরের বিধায়ক অলক মাঝি ,কোতুলপুর এর বিধায়ক হরকালি প্রতিহার, সাংবাদিক শফিকুল ইসলাম, শ্যামল দত্ত ,তপন

ঘোষ,শুভেন্দু পাল ,শ্যামসুন্দর সেন সহ বহু বিশিষ্ট অতিথিরা। এই মঞ্চ থেকে কয়েকশ মানুষকে শীত বস্ত্র বিতরণ করা হয়। এবং এলাকার সাংবাদিকদের সংবর্ধনা আয়োজন করে। স্থানীয় বিধায়ক নবীনচন্দ্র বাগ আয়োজকদের ভুয়সী প্রশংসা করেন। বলেন তার এলাকা শান্তি সম্প্রীতির এক পতিক এই এলাকা উন্নয়নের জন্য তিনি কাজ করে যাবেন। জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে মানুষের মিলনের জন্য রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কাজ করে যাচ্ছেন। তারা তার সৈনিক হয়ে কাজ করে যাবেন। আয়োজক হবিবর রহমান উরফে চাঁদ বলেন পাঁচ দিন ধরে এই মেলায় বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান ছাড়াও বিভিন্ন সামাজিক অনুষ্ঠানও হবে।

নদীয়া কেন্দ্ৰ সরকার নতুন আইন বাতিল দাবিতে



আরবাজ মোল্লা 🔵 নদিয়া **আপনজন:** নদীয়া কেন্দ্র সরকার নতুন আইন বাতিল দাবিতে জেলাশাসকের কাছে ডেপুটেশন অল ইন্ডিয়া ওয়েলফেয়ার ড্রাইভার এসোসিয়েশনের।এবার পথ দুর্ঘটনা রুখতে নয়া উদ্যোগ কেন্দ্রীয় সরকারের। দুর্ঘটনা প্রসঙ্গে আনতে চলেছে নতুন আইন,যা বাজেট অধিবেশনের দিন পেশ করে দেশের গৃহমন্ত্ৰী অমিত সাহা।কেন্দ্ৰ সরকারের এই আইনের বিরোধিতা করে এবার জেলায় জেলায় বিক্ষোভ শুরু করে অল ড্রাইভার ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের আওতায় যুক্ত গাড়ির ড্রাইভাররা। এদিন মঙ্গলবার কৃষ্ণনগর জেলাশাসক দপ্তরে বিক্ষোভ মিছিলের মধ্যে দিয়ে ডেপুটেশন জমা দেয় অল ইন্ডিয়া ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন। ড্রাইভারদের করা হুঁশিয়ারি, কেন্দ্র সরকার এই আইন যদি প্রত্যাহার না করে তাহলে আগামী ৪ তারিখ থেকে তিন চাকা থেকে শুরু করে ৩০০ চাকা গাড়ি তারা অনির্দিষ্টকালের জন্য চালানো বন্ধ করবেন। তাদের এও দাবি, দুর্ঘটনা শুধু ডাইভারের ভুলের জন্য হয় না পথচারীদের ভূলের জন্যও হয়, কিন্তু কেন এই নতুন আইন এনে ড্রাইভারদের ভবিষ্যৎ অন্ধকারের দিকে ঠেলে দিচ্ছে কেন্দ্র সরকার। যেকোনো দুর্ঘটনা ঘটলে

সাগর পাড়ায় উদ্ধার বোমা



আপনজন: মুর্শিদাবাদের সাগরপাড়া থানার রমাকান্তপুর এলাকায় ব্যাগ ভর্তি তাজা সকেট বোমা উদ্ধার। একটি বাঁশ বাগানের মধ্যে সেই বোমা উদ্ধার হয় বলে পুলিশ সূত্রে জানাযায় । ঘটনার পর ওই এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। বোমা উদ্ধারের পর আতঙ্কিত হয়ে পড়েন স্থানীয় বাসিন্দারা। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় সাগরপাড়া থানার বিশাল পুলিশ বাহিনী,বোমা উদ্ধারের পর থেকে বোমা গুলো ঘিরে রাখে পুলিশ। মঙ্গলবার দুপুরে বোস্ব ডিসপোজাল টিম এসে বোমাগুলো উদ্ধার করে সেই বাঁশ বাগানের মধ্যে নিজ্ঞিয় করেন। মোট পাঁচটি তাজা সকেট বোমা উদ্ধার হয়। স্থানীয় বাসিন্দারা জানান,এই বাগানের মধ্যে দিয়ে সাধারণ মানুষের মাঠে যাওয়ার রাস্তা রয়েছে। সব সময় মানুষ এই রাস্তা দিয়ে যাতায়াত করে। ছেলে মেয়েরাও দিনের বেলায় খেলাধুলা করতে যায়।

মোহনপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ১০টি বেডের উদ্বোধন



সহায়তায় ১০ শয্যার প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্বোধনী ফলক পড়ে রয়েছে মাঠে, ভাঙ্গা জানালা, ভেতরে নেই কোন সরঞ্জাম, দেওয়াল জুড়ে আগাছা, স্বাস্থ্যকেন্দ্র পরিণত হয়েছে ভুতুড়ে বাড়িতে। স্বাস্থ্যকেন্দ্রের সরকারী কোয়ার্টার গুলি পরিণত হয়েছে গোয়ালঘর ও মুরগির খামারে। এমনই বেহাল অবস্থা দক্ষিণ ২৪ পরগনার মগরাহাট পূর্ব বিধানসভার মোহনপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের। চিকিৎসা পরিষেবা না পেয়ে দুর্ভোগে দিন কাটছে এলাকার বাসিন্দাদের। জানা যায়, প্রায় পাঁচ বিঘা জমির উপর অবস্থিত মোহনপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র। এলাকার মানুষদের প্রাথমিক চিকিৎসা পরিষেবা দেওয়ার জন্য ২০১১ সালে ১০ শয্যা বিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটি তৈরি হয়। এলাকার বাসিন্দারা জানান, নামেই উদ্বোধন হয়েছিল স্বাস্থ্য কেন্দ্রটি কিন্তু কখনো পরিষেবা চালু হয়নি। মোহনপুর এলাকাসহ আশেপাশের বেশ কয়েকটি অঞ্চলের বাসিন্দাদের জন্য প্রাথমিক চিকিৎসা পরিষেবা দেওয়ার জন্য কোন হাসপাতাল নেই। ইমারজেন্সি রোগীদের নিয়ে যেতে হয় ২০ কিলোমিটার দূরের হাসপাতালে। এ নিয়ে এলাকার বাসিন্দাদের পক্ষ থেকে ১০শয্যা

আসিফা লস্কর 🛑 মগরাহাট

আপনজন: প্রকল্পের আর্থিক

বিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের পরিষেবা চালু করার জন্য প্রশাসনের কাছে একাধিকবার দরবার করা হলেও দীর্ঘদিন বেহাল অবস্থায় রয়েছে মোহনপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটি। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে স্বাস্থ্য কর্মীদের জন্য তৈরি হওয়া কোয়ার্টারগুলি গোয়াল ঘরে পরিণত হয়েছে একশ্রেণীর মানুষ দখল করেছে এই কোয়াটার গুলি বসবাস করার পাশাপাশি গরু ছাগল হাঁস মুরগি পালন করছে সরকারি কোয়ার্টারে। বর্তমানে শুধুমাত্র আউটডোর

পরিষেবা পাওয়া যায় মোহনপুর সুস্বাস্থ্য কেন্দ্র থেকে। তাও সপ্তাহে মাত্র দুদিন চিকিৎসক আসেন বাকি দিনগুলো ফার্মাসিস্ট দিয়ে চলে চিকিৎসা পরিষেবা। তাতেও অনিয়মিত পরিষেবা দেয়া হয় বলে অভিযোগ করেন এলাকার বাসিন্দারা। এ বিষয়ে মোহনপুর উপস্বাস্থ্য কেন্দ্রের ফার্মাসিস্ট বলেন, মগরাহাট দু নম্বর ব্লকে চিকিৎসকের অভাব রয়েছে তাই সপ্তাহে দুদিন চিকিৎসক আসেন। অন্যদিকে ডায়মন্ড হারবার স্বাস্থ্য জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাক্তার জয়ন্ত সুকুল বলেন, মোহনপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রতে খুব শীঘ্রই পরিষেবা চালু করা হবে তবে মগরাহাট দু'নম্বর ব্লকে চিকিৎসকের ঘাটতি থাকায় সপ্তাহে দুদিন আউটডোর পরিষেবাতে চিকিৎসক যান।

বগডহরা সিদ্দিকীয়া হাই মাদ্রাসায় বই উৎসব



আব্দুস সামাদ মন্ডল 🔴 বিষ্ণুপুর আপনজন: মঙ্গলবার নতুন বছরের প্রথম দিনটি উদ্ভাসিত হয়েছিল ক্ষুদে শিক্ষার্থীদের হাসির আলোয়। পাঠ্যপুস্তক উৎসব দিবস উপলক্ষে মঙ্গলবার বগডহরা সিদ্দিকীয়া হাই মাদ্রাসায় (উচ্চ মাধ্যমিক) পঞ্চম থেকে দশম শ্রেণি পর্যন্ত পড়ুয়াদের মধ্যে বিনামূল্যে পাঠ্যবই বিতরণ করা হয় এদিন। তবে পরে একাদশ দ্বাদশ শ্রেণীদেরও দেওয়া হবে বলে জানান মাদ্রাসা কর্তৃপক্ষ। মাদ্রাসার সহপ্রধান শিক্ষক লিয়াকত বলেন, আমাদের মাদ্রাসায় মাধ্যমিক পর্যান্ত ১৭০০ (সতেরো শত) এর বেশি পাঠ্য পুস্তক বিতরণ করা হয় তবে কিছু বইয়ের বিভ্রাট আছে সেগুলো খুব তাড়াতাড়ি সমাধান করা হবে।

মাদ্রাসার সেক্রেটারি তাহের বাবু বলেন, বিনামূল্যের বই বিশেষত গ্রামাঞ্চলের দরিদ্র অভিভাবকদের জন্য এক বড় ধরনের স্বস্তি। রাজ্যেরপক্ষ থেকে এ সহায়তায় তাদের আর্থিক কষ্টের বোঝা অনেকটাই লাঘব হবে নিঃসন্দেহে। মাদ্রাসার সহ শিক্ষক আজিজুল বাব বলেন,আমাদের বিশ্বাস, শুধু বিনামূল্যের বই নয়, প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের জন্য রাজ্যের পক্ষ থেকে আরও অনেক কিছু করার আছে। শিক্ষার্থীদের ঝরেপড়াসহ প্রাথমিক শিক্ষার অন্য সমস্যাগুলোর যদি প্রতিকার করা যায়, তাহলে নতুন প্রজন্মের শিক্ষার ভিতটি শক্তভাবে গড়ে উঠতে

সারিউল ইসলাম 🗕 মুর্শিদাবাদ **আপনজন:** মুর্শিদাবাদ পৌরসভার উত্তর অংশ অর্থাৎ ১৩ নম্বর ওয়ার্ড এবং তার পার্শ্ববর্তী ওয়ার্ডের সাধারণ মানুষের জন্য কুর্মিটোলা এলাকায় স্বাস্থ্যকেন্দ্রের শিলান্যাস করা হলো সোমবার। বছরের প্রথম দিন স্বাস্থ্য কেন্দ্রের শিলান্যাস করেন মুর্শিদাবাদ পৌরসভার চেয়ারম্যান ইন্দ্রজিৎ ধর। পৌরসভার চেয়ারম্যান ইন্দ্রজিৎ ধর বলেন, 'আগামী চার মাসের মধ্যে এই স্বাস্থ্য কেন্দ্রটি নির্মাণ করা হবে। এখানে স্বাস্থ্য কেন্দ্র তৈরি হলে একদিকে যেমন ছোটো কোনো

স্বাস্থ্য পরিষেবার জন্য ৩-৪



কিলোমিটার দূরে লালবাগ মহকুমা হাসপাতাল ছুটে যেতে হবে না। অন্যদিকে ১৩ নম্বর ওয়ার্ড কুর্মিটোলার পাশেই কাপাসডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের রনসাগর সহ তৎসংলগ্ন এলাকার মানুষেরও সুবিধা হবে।' নতুন বছরের প্রথম দিন হাসপাতালের শিলান্যাসে খুশি স্থানীয় মানুষজন।

ছড়িয়ে-ছিটিয়ে

জলাশয় বাঁচাতে ১৩৮ কিমি পদযাত্রা করিমপুরে



মিলটন মণ্ডল 🔵 করিমপুর

আপনজন: চলো পায়ে পায়ে স্রোত

ফেরায়' স্লোগানে নদী ও জলাশয় বাঁচাতে ১৩৮ কি.মি পদযাত্রা নদিয়ার করিমপুর এলাকায়। ভৈরব ও জলঙ্গী নদীর মিলন স্থল চর মোক্তারপুর থেকে দুই তারিখ মঙ্গলবার শুরু হলো এই পদযাত্রা, শেষ হবে আট তারিক সোমবার স্বরূপগঞ্জ ঘটে। নাগরিক সমাজকে জোটবদ্ধ করে সচেতনতা বাডাতে 'সেভ জলঙ্গী' কমিটির এই পদযাত্রা। এই পদযাত্রা চলাকালীন নদী নিয়ে বিভিন্ন শ্লোগান, ফেস্টুন ও পথ নাটিকার মাধ্যমে জনসাধারণকে

এই কমিটি। সাত দিনের পদযাত্রা শেষে নদিয়া জেলা প্রশাসন দফতরে একটি স্বারকলিপি জমা দেবে 'সেভ জলঙ্গী' কমিটি। এই পদযাত্রায় পা মিলিয়েছেন 'সেভ জলঙ্গী' সদস্যরা ছাড়াও বিভিন্ন সমাজসেবী সংগঠন ও একাধিক সচেতন মানুষ।

নদী ও জলাশয় নিয়ে বার্তা দেবে

বহুমুখী হিমঘর উদ্বোধন উলুবেড়িয়ায়



সুরজীৎ আদক 🔵 উলুবেড়িয়া আপনজন: বাণীবন জগদীশপুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড এর পিএসিএস থেকে এমএসসি বাস্তবায়নে একটি বেসরকারী পেট্রোল পাম্প, তৎসহ ১০,০০০মেট্রিকটন গুদাম ঘর ও ২৫০ মেট্রিকটন বহুমুখী হিমঘর-এর শুভ উদ্বোধন হলো।শুভ উদ্বোধন করলেন রাজ্যের কৃষিজ বিপণন ও পঞ্চায়েত দপ্তরের প্রতিমন্ত্রী বেচারাম মানা এদিনে উদ্বোধন অনুষ্ঠানে মন্ত্ৰী ছাড়াও উপস্থিত ছিলেন রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা উলুবেড়িয়া উত্তর কেন্দ্রের বিধায়ক ডাঃনির্মল মাজি, হাওড়া জেলা পরিষদের কর্মাধ্যক্ষ বিমল দাস,জেলা পরিষদের সদস্য কাকলী সিংহ, উলুবেড়িয়া মহকুমাশাসক মানস কুমার মণ্ডল,উলুবেড়িয়া-২ নং ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিক অভিজ্ঞা চক্রবর্তী, উলুবেড়িয়া-২ নং পঞ্চায়েত সমিতির সভাপতি মালেকা খাতুন, রাজাপুর থানার পুলিশ আধিকারিক কৌশিক পাঁজা,টি.কে-১নং গ্রাম পঞ্চায়েত উপ-প্রধান কবীর খান প্রমুখ।সমগ্র অনুষ্ঠানটির সঞ্চালনা করেন পিন্টু

নাত, ইসলামি কুইজ অনুষ্ঠিত পুরশুড়ায়



নিজস্ব প্রতিবেদক 🔵 অরঙ্গাবাদ আপনজন: হুগলি জেলার পুরশুড়া ধাপধাড়া আসহাবে সুফফার উদ্যোগে সোমবার কেরাত, নাত, ইসলামীক কুইজ ও এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এই সভায় উপস্থিত ছিলেন পীরনগর দরবার শরীফের মুখ্য নির্দেশক পীরজাদা মাওলানা মোঃ আবুল কাশেম,কে, বিশিষ্ট শিক্ষাবিদ সৈয়দ মহ,হাসান, বিশিষ্ট সমাজসেবী আলহাজ্ব সেখ কামাল উদ্দিন, শেখ জাহির আব্বাস, সৈয়দ এহতেশাম মামুন, মফিজুল মিদ্যা, কমিটির সদস্য সহ সমাজের বিশিষ্টজনেরা।

আপনজন ■ বুধবার ■ ৩ জানুয়ারি, ২০২৪

লিভারপুলকে 'সম্ভাব্য চ্যাম্পিয়ন' বানিয়ে সালাহর চোখ আফ্রিকা জয়ে



আপনজন ডেস্ক: 'এই মৌসুমে লিভারপুলের এটিই সেরা পারফরম্যান্স'—খেলা দেখে না বলে পারেননি দলটির সাবেক ডিফেন্ডার ২০২৪ সালের প্রথম দিনটায় কী

দুর্দান্তই না খেলল লিভারপুল। বৃষ্টি ও ঠান্ডা বাতাসের বাধা পেরিয়ে ঘরের মাঠে নিউক্যাসলকে ৪-২ গোলে হারিয়েছে ইয়ুর্গেন ক্লপের দল। নিউক্যাসলের স্লোভাক গোলরক্ষক মার্তিন দুবরাভকা বাধার প্রাচীর না হলে লিভারপলের গোলসংখ্যা বাড়তে পারত আরও। লিভারপুলের খেলা দেখে ক্যারাঘার এতটাই মুগ্ধ হয়েছেন যে ইয়ুর্গেন ক্লপের দলকে সম্ভাব্য চ্যাম্পিয়নও বলে দিলেন, 'যেভাবে খেলছে, তাতে ওদেরই সম্ভাব্য চ্যাম্পিয়ন বলতে হয়। ওদের অসাধারণ এক কোচ, যিনি জানেন কী করতে হবে। আর দলটায় তিন-চারজন বিশ্বমানের খেলোয়াড় আছে।' এই লিভারপুলের সামনে যে কেউ পড়তে চাইবে না, সেটিও বললেন ক্যারাঘার, 'এভাবে যদি তারা খেলা চালিয়ে যেতে পারে, তবে ম্যানচেস্টার সিটিও এই দলের সামনে পড়তে চাইবে না। কারণ, এই দলের কাছে তো তারা আগে হেরেছে।' সোমবারের ম্যাচে নিউক্যাসলের

গোলে ৩৪টি শট নিয়েছে

লিভারপুল। যা কিনা প্রিমিয়ার

লিগে যৌথভাবে রেকর্ড। ঘরের

মাঠে টানা ২২ ম্যাচে অপরাজিত

দলটির কোচ ক্লপও মুগ্ধ দলের

লিভারপুল। এবারের মৌসুমে লিভারপুলের হয়ে সব প্রতিযোগিতা মিলিয়ে সর্বোচ্চ ১৮ টি গোল করেছেন সালাহ। সেই সালাহ জাতীয় দলের হয়ে কিছু জিততেই উদ্বীব হয়ে আছেন। কাল রাতের ম্যাচের পর স্কাই স্পোর্টসে সেটিই বললেন মিসরীয় তারকা, 'আমি (আফ্রিকা কাপ অব নেশনস) জিততে চাই। জাতীয় দলে খেলাটা অনেক বড় কিছু।' তাঁকে ছাড়া লিভারপুলের অসুবিধা হবে না বলেও বিশ্বাস সালাহর, 'আমাদের অনেক ভালো খেলোয়াড় আছে। আমার পজিশনে খেলার মতো খেলোয়াড়ও আছে। আমাদের আস্থা রাখতে হবে। মাঠে

পরিশ্রম করতে হবে, নিজেদের

খেলাটা খেলতে হবে। আর তা

করতে পারলেই জয়ের ধারা

অব্যাহত থাকবে।'

খেলায়, 'আমার দল অসাধারণ

খেলেছে। অসাধারণ ম্যাচ। যে

দিলে এ ম্যাচের অনেক কিছুই

আমার মনের মতো হয়েছে।'

এ ম্যাচের জয়ের নায়ক সালাহর

জন্য শুধু এরপর আফসোস করতে

অব নেশনসে মিসরের হয়ে খেলতে

ফাইনালে উঠলে লিগ, এফএ কাপ

ও কারাবাও কাপ মিলিয়ে ৮টি

পারে লিভারপুল। আফ্রিকা কাপ

যাচ্ছেন লিভারপুল ফরোয়ার্ড।

নেশনস কাপের ফাইনাল ১১

ফেব্রুয়ারি। সালাহর মিসর

ম্যাচে সালাহকে পাবে না

গোলগুলো খেয়েছি, সেগুলো বাদ

'নতুন মেসি'র নতুন ঠিকানা হতে যাচ্ছে সিটি



আপনজন ডেস্ক: কদিন আগেই বলেছিলেন বার্সেলোনায় যাওয়ার স্বপ্নের কথা। বার্সেলোনাও চেয়েছিল তাঁকে কিনতে। কিন্তু 'নতুন মেসি' খ্যাত ক্লদিও এচেভেরিকে কিনতে যে অর্থনৈতিক সক্ষমতা প্রয়োজন, তা এই মুহূর্তে নেই বার্সেলোনার। পাশাপাশি গত কিছু দিনে বদলে গেছে এচেভেরির স্বপ্নও। ফলে তাঁকে কেনার দৌড় থেকে সরে যেতে হয়েছে বার্সাকে। ইউরোপিয়ান সংবাদমাধ্যমগুলো বলছে, এচেভেরিকে দলে টানার প্রক্রিয়া সম্পন্ন করেছে সিটি। যেকোনো মুহুর্তে আসতে পারে আনুষ্ঠানিক ঘোষণাও। দলবদল বিশেষজ্ঞ ফ্যাব্রিজিও রোমানো অবশ্য চুক্তি সম্পন্ন হওয়ার বিষয়টি নিশ্চিত বলেই জানিয়ে দিয়েছেন। অনুধর্ব-১৭ বিশ্বকাপে এচেভেরির পারফরম্যান্স দেখার পর মরিয়া হয়ে মাঠে নামে ম্যানচেস্টার সিটি ও চেলসি। শুরুতে দৌড়ে ছিল বার্সাও। ব্রাজিলের বিপক্ষে হ্যাটট্রিক করার পর তাঁকে প্রশংসায় ভাসিয়েছিলেন বার্সেলোনা কোচ জাভি হার্নান্দেজও। এচেভেরিও এক বক্তব্যে বলেছিলেন বার্সায় খেলা নিয়ে স্বপ্নের কথা, 'রিভারপ্লেটের মতো বার্সার হয়েও আমি খেলতে চাই। আমি মেসির অনেক বড় ভক্ত। আমি তাঁকে বার্সায় খেলতে দেখে বেড়ে উঠেছি। ছোটবেলা থেকেই রিভারপ্লেট ও বার্সাকে অনুসরণ

তবে দলবদলে শেষ কথা বলে যে কিছু নেই, সেটিই প্রমাণিত হলো

আরেকবার। শেষ পর্যন্ত লডাইয়ে সিটির সঙ্গে পেরে ওঠেনি বার্সা। আসলে সিটিতে খেলা আরেক আর্জেন্টাইন ফরোয়ার্ড হুলিয়ান আলভারেজের সঙ্গে তাঁর বন্ধুত্ব এ চুক্তিতে বড় ভূমিকা রেখেছে বলে ধারণা করা হচ্ছে। ইউরোপিয়ান একাধিক সংবাদমাধ্যম জানিয়েছে, ১৭ বছর বয়সী এচেভেরির সঙ্গে ২০২৬ সাল পর্যন্ত চুক্তি করতে যাচ্ছে সিটি। তবে বয়সের কারণে এখনই অবশ্য তাঁর ইংল্যান্ডে আসা হচ্ছে না। চুক্তির আনুষ্ঠানিক প্রক্রিয়া সম্পন্ন করার পর ২০২৪ সালের ডিসেম্বর পর্যন্ত রিভারপ্লেটেই থাকবেন। এরপরই মূলত আনুষ্ঠানিকভাবে সিটির হয়ে নিজের নতুন যাত্রা শুরু করবেন এই আর্জেন্টাইন ফরোয়ার্ড। দলবদল বিশেষজ্ঞ ফাবরিজিউ রোমানো জানান, চুক্তি নিয়ে দুই পক্ষের মধ্যে মৌখিক সমঝোতা হয়ে গেছে। ম্যানচেস্টার সিটি এ সপ্তাহের মধ্যে চুক্তির সব প্রক্রিয়া সম্পন্ন করবে। অনূর্ধ্ব–১৭ বিশ্বকাপে আলো ছড়ানোর পাশাপাশি রিভারপ্লেটের হয়েও মুগ্ধতা ছড়ান এচেভেরি। লিওনেল মেসির সঙ্গে খেলার ধরনে মিল থাকার কারণে তাঁকে 'নতুন মেসি' বলে ডাকা হচ্ছে। কারও কারও চোখে এচেভেরি আবার মেসি ও ডিয়েগো ম্যারাডোনার মিশ্রণও বটে। এখন এসব বিশেষণের ভার নিয়ে সিটির

হয়ে কেমন পারফরম্যান্স করেন

তিনি, সেটাই দেখার অপেক্ষা।

'সাহসী' খাজার প্রশংসায় অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী



আপনজন ডেস্ক: অস্ট্রেলিয়া-পাকিস্তান টেস্ট সিরিজের প্রথম দুই ম্যাচের গল্পই এক–পাকিস্তানের বড় হার। সেই দুই ম্যাচের আগে অস্ট্রেলিয়া ওপেনার উসমান খাজাকে ঘিরে লেখা হয়েছে আরেকটি গল্প। যে গল্পের প্লটও এক ছিল। যে গল্পে খাজা যদি 'নায়ক' হোন, 'খলনায়ক' আন্তর্জাতিক ক্রিকেট সংস্থা আইসিসি। পার্থে সিরিজের প্রথম টেস্টটা জুতায় ইসরায়েলি আগ্রাসনে ক্ষতবিক্ষত ফিলিস্তিনের জন্য সহানুভূতি জানিয়ে স্লোগান লিখে খেলতে চেয়েছিলেন খাজা। 'রাজনৈতিক' কারণ দেখিয়ে অস্ট্রেলিয়ার ওপেনারকে তখন অনুমতি দেয়নি আইসিসি। মেলবোর্নে সিরিজের দ্বিতীয় টেস্টের আগেও আবার আলোচনায় ছিলেন

খাজা। এবার কোনো স্লোগান নয়,

নিজের ব্যাটে ও জুতায় শান্তির

প্রতীক পায়রার স্টিকার লাগিয়ে

বক্সিং ডে টেস্টটা খেলতে চেয়েছিলেন পাকিস্তানি বংশোদ্ভূত এই ক্রিকেটার। এবারও বাদ সাধে আইসিসি। প্রথম টেস্টটা কালো বাহুবন্ধনী পরে খেলা খাজা দ্বিতীয় টেস্টে জুতায় নিজের দুই মেয়ের নাম লিখে খেলতে নেমে অন্য রকমভাবেই প্রতিবাদ জানিয়েছিলেন। সেই খাজা আবার আলোচনায় কাল থেকে শুরু সিডনি টেস্টের আগেও। এই টেস্টে খাজা কী করবেন, জানা যায়নি। তবে প্রথম দুই টেস্টে খাজার ভূমিকার প্রশংসা করেছেন স্বয়ং অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি অ্যালবানিজি। যুদ্ধে নৃশংসতার শিকারদের পাশে দাঁড়ানোয় খাজার সাহসের প্রশংসা করেছেন অস্ট্রেলিয়া প্রধানমন্ত্রী। সোমবার সিডনির কিরিবিলি হাউজে নববর্ষ উপলক্ষে অস্ট্রেলিয়া ও পাকিস্তানের টেস্ট দলকে সংবর্ধনা দিয়েছেন অস্ট্রেলিয়ার

মানবাধিকারের পক্ষে দাঁড়িয়ে সে (খাজা) যে সাহসের পরিচয় দিয়েছে, আমি তাকে অভিনন্দন জানাতে চাই। সে সাহস দেখিয়েছে, আর পুরো দলও যে তাকে সমর্থন দিয়ে গেছে, সেটিও দারুণ ব্যাপার

সেখানেই বক্তৃতায় খাজার প্রসঙ্গে টেনেছেন আলবানিজি 'মানবাধিকারের পক্ষে দাঁড়িয়ে সে (খাজা) যে সাহসের পরিচয় দিয়েছে, আমি তাকে অভিনন্দন জানাতে চাই। সে সাহস দেখিয়েছে, আর পুরো দলও যে তাকে সমর্থন দিয়ে গেছে, সেটিও দারুণ ব্যাপার ছিল।'

সিডনির ম্যাচটা হতে যাচ্ছে খাজার ওপেনিং সঙ্গী ডেভিড ওয়ার্নারের বিদায়ী টেস্ট। নিজের বক্তব্যে সেটিও টেনেছেন অ্যালবানিজি, 'যখন এসসিজিতে উজি (খাজা) ও ডেভ (ওয়ার্নার) ব্যাট করতে নামবে, বিশেষ মুহূর্ত হবে সেটি।'

২০২৪ সালে ব্যস্ত সূচি ব্রাজিল-আর্জেন্টিনার



আপনজন ডেস্ক: ২০২২ বিশ্বকাপ জেতে আর্জেন্টিনা। সেই আসরে কোয়ার্টার ফাইনাল থেকে বিদায় নেয় ব্রাজিল। কাতার বিশ্বকাপের পর ২০২৩ সালে ওয়ার্ল্ডকাপ বাছাই ছাড়া তেমন ব্যস্ততা ছিল না ব্রাজিল-আর্জেন্টিনার। তবে নতুন বছরে ব্যস্ত সূচি অপেক্ষা করছে দুই চির প্রতিদ্বন্দ্বীদের জন্য। চলুন দেখে নেয়া যাক মেসি-নেইমারদের আন্তর্জাতিক সূচি। কোপা আমেরিকা এবং বিশ্বকাপ বাছাই মিলিয়ে ব্যস্ততম একটি বছর কাটতে চলেছে ব্ৰাজিল ও আর্জেন্টিনার। আগামী ২০শে জুলাই শুরু হবে লাতিন আমেরিকার শ্রেষ্ঠত্বের লড়াই কোপা আমেরিকা। মহাদেশীয় এই টুর্নামেন্ট দিয়েই আন্তর্জাতিক ব্যস্ততা শুরু হবে ব্রাজিল-আর্জেন্টিনার। ২১শে জুন প্লে-অফ খেলে কোপা আমেরিকায় সুযোগ পাওয়া দলের বিপক্ষে ম্যাচ দিয়ে মিশন শুরু করবে আর্জেন্টিনা। ২৬শে জুন চিলির মুখোমুখি হবে আলবিসেলেস্তেরা। ৩০শে জুন পেরুর বিপক্ষে কোপা আমেরিকার গ্রুপ পর্বের তৃতীয় এবং শেষ ম্যাচটি খেলবে মেসি-ডি মারিয়ারা। ব্রাজিলের কোপা আমেরিকা যাত্রা শুরু হবে ২৫শে জুন থেকে। প্লে-অফ খেলে কোপা আমেরিকায় অংশ নেয়া দলের

বিপক্ষে প্রথম ম্যাচটি খেলবে সেলেসাওরা। ২৯শে জুন প্যারাগুয়ের বিপক্ষে নিজেদের দ্বিতীয় ম্যাচ খেলে ব্রাজিল। আর ৩রা জুলাই কলম্বিয়ার বিপক্ষে গ্রুপপর্বের শেষ ম্যাচ খেলবে পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নরা। আগামী ১৪ই জলাই পর্দা নামবে কোপা আমেরিকার। ফাইনালের আগে ৪ ও ৫ই জুলাই হবে কোয়ার্টার ফাইনাল, ৯ই জুলাই সেমিফাইনাল এবং ১৩ই জুলাই তৃতীয় স্থান নির্ধারণী ম্যাচ। কোপা আমেরিকা শেষে সেপ্টেম্বরে শুরু হবে লাতিন আমেরিকার ২০২৬ বিশ্বকাপের বাছাই। ৫ই সেপ্টেম্বর কোয়ালিফায়ারের ম্যাচে চিলিকে আতিথ্য দেবে আর্জেন্টিনা। ২০২৪ সালে বাছাইয়ে নিজেদের দ্বিতীয় ম্যাচে পেরুর মুখোমুখি হবে তিনবারের বিশ্বচ্যাম্পিয়নরা। এরপর ১০ই সেপ্টেম্বর কলম্বিয়া, ১০ই অক্টোবর ভেনেজুয়েলা, ১৫ই অক্টোবর বলিভিয়া, ১৪ই নভেম্বর প্যারাগুয়ে এবং ১৯শে নভেম্বর পেরুর মুখোমুখি হবে আর্জেন্টিনা। ২০২৪ সালে বিশ্বকাপ বাছাইয়ে নিজেদের প্রথম ম্যাচে ইকুয়েডরকে আতিথ্য দেবে ব্রাজিল। ৫ই সেপ্টেম্বর সেই ম্যাচের পাঁচদিন পর নিজেদের দ্বিতীয় ম্যাচে প্যারাগুয়ের মাঠে খেলতে যাবে ব্ৰাজিল। ১০ই অক্টোবর চিলি, ১৫ই অক্টোবর

মুখোমুখি হবে ব্রাজিল। ২০২৪ সালে ব্রাজিল-আর্জেন্টিনার একে অপরের বিপক্ষে কোনো ম্যাচ নেই। ২০২৫ সালের ২৫শে মার্চ বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচে মুখোমুখি হবে দই দল। ২০২৩ সালের অক্টোবরে ব্রাজিলের হয়ে বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচ খেলতে গিয়ে বাঁ হাঁটুর লিগামেন্ট ছিঁডে যায় নেইমারের। গত নভেম্বরে হাঁটুর অস্ত্রোপচার করানোর পর এখন পুনর্বাসন চলছে তার। সংশ্লিষ্ট ডাক্তারের বরাত দিয়ে ব্রাজিলিয়ান গণমাধ্যমগুলো জানিয়েছে, ৩১ বছর বয়সী এই ফরোয়ার্ডের সেরে উঠতে আরো ৮ মাস লাগতে পারে। সেই হিসেবে নেইমারের মাঠে ফিরতে ফিরতে আগস্ট মাস চলে আসবে। এতে কোপা আমেরিকা খেলতে পারবেন না আল হিলাল তারকা। সুযোগ হতে পারে বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচে। এদিকে লিওনেল মেসিকে ২০২৪ সাল জুড়ে পাবে আর্জেন্টিনার। ক্রীডা মাধ্যম গোল ডটকম জানিয়েছে, আন্তর্জাতিক ব্যস্ততার কারণে ইন্টার মায়ামির হয়ে সাতটি মেজর লীগ সকারের (এমএলএস) ম্যাচ মিস করতে পারেন আর্জেন্টাইন সুপারস্টার।

NEET

পেরু, ১৪ই নভেম্বর ভেনেজুয়েলা

এবং ১৯শে নভেম্বর উরুগুয়ের

কেনিয়ায় খুন হলেন অলিম্পিকে অংশ নেওয়া উগান্ডার দৌড়বিদ

প্রধানমন্ত্রী।

আপনজন ডেস্ক: খুন হয়েছেন উগান্ডার অ্যাথলেট বেঞ্জামিন কিপলাগাত। প্রতিবেশী দেশ কেনিয়ায় কিপলাগাতের মৃতদেহ পাওয়া গেছে বলে জানিয়েছে স্থানীয় পুলিশ। স্থানীয় সংবাদমাধ্যম জানিয়েছে, তাঁকে ছুরিকাঘাতে হত্যা করা হয়েছে। কেনিয়ায় জন্মগ্রহণ করা ৩৪ বছর বয়সী কিপলাগাত অলিম্পিক ও অ্যাথলেটিকসের বিশ্ব চ্যাম্পিয়নশিপে ৩ হাজার মিটার স্টপলচেজে উগান্ডার প্রতিনিধিত্ব করেছেন। কেনিয়ার পুলিশ জানিয়েছে, হত্যাকণ্ডে জড়িত সন্দেহে দুজনকে আটক করেছে তারা।

কেনিয়ার এলদোরেত শহরের রিফট ভ্যালির উপকণ্ঠে গত শনিবার রাতে একটি গাড়িতে তাঁর মতদেহ পাওয়া যায়। জায়গাটা সমদ্র সমতল থেকে উঁচ জায়গায় অনুশীলন করা অনেক অ্যাথলেটেরই পছন্দের স্থান। এলদোরেত শহরের স্থানীয় পুলিশ কমান্ডার স্টিফেন ওকাল বলেছেন. 'তদন্ত শুরু হয়েছে এবং কর্মকর্তারা সূত্র খুঁজতে মাঠে নেমেছেন।' ওকাল আরও জানান. কিপলাগাতের ঘাড়ে ছুরিকাঘাতের গভীর ক্ষত দেখা গেছে এবং সেটা দেখেই পুলিশের ধারণা তাঁকে ছুরিকাঘাতে হত্যা করা হয়। উগান্ডার সংবাদমাধ্যম 'ডেইলি মনিটর' এবং কেনিয়ার স্থানীয় সংবাদমাধ্যমও জানিয়েছে তাঁকে ছুরিকাঘাতে হত্যা করা হয়েছে। কিপলাগাতের মৃত্যুতে শোক প্রকাশ করে বিশ্ব অ্যাথলেটিকস সংস্থা



পরিবার. স্বজন এবং সতীর্থদের পর রিও ডি জেনিরো অলিম্পিকেও অংশ নেন এই অ্যাথলেট। প্রতি সহমর্মিতা রইল। এই কঠিন সময়ে আমরা তাঁদের পাশেই ২০২১ সালের অক্টোবরে কেনিয়ার দুরপাল্লার তারকা দৌড়বিদ এগনেস আছি।' উগান্ডার ক্রীড়া প্রতিমন্ত্রী তিরোপকেও ছুরিকাঘাতে হত্যা পিটার ওগওয়াংও সামাজিক যোগাযোগমাধ্যম 'এক্স'-এ শোক করা হয়েছিল। সেটাও এলদোরেত প্রকাশ করেছেন, 'তাঁর পরিবার, শহর থেকে একটু দূরেই তাঁর উগান্ডার লোকজন এবং গোটা পূর্ব বসবাসের এলাকা ইতেনে। মাত্র আফ্রিকার মানুষ এই উঠতি ২৫ বছর বয়সে মারা যান তিরোপ। খুনের দায়ে অভিযুক্ত হন অ্যাথলেটকে হারিয়ে শোকগ্রস্ত। তাঁর স্বামী ইব্রাহিম রোতিচ। গত আন্তর্জাতিক পর্যায়ে তিনি মাসে এর বিচার শুরু হয়। তার অনেকবার আমাদের প্রতিনিধিত্ব আগেই জামিন নিয়ে নিজেকে নির্দোষ দাবি করেন ৪৩ বছর বয়সী উগান্ডায় অ্যাথলেটিকস প্রতিযোগিতায় অংশ নেওয়ার রোতিচ। ২০ হাজার মিটার দৌড়ে দুবার বিশ্ব চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জ প্রস্তুতি হিসেবে এলদোরাতে জিতেছেন তিরোপ। ২০১৫ সালে অনুশীলন করতে গিয়েছিলেন কিপলাগাত। এই দৌড়বিদ তাঁর বিশ্ব ক্রস কান্ট্রি চ্যাম্পিয়নশিপে ১৮ বছরের ক্যারিয়ারে ২০০৮ চ্যাম্পিয়ন হয়েছিলেন এই বিশ্ব জুনিয়র অ্যাথলেটিকস ৩০০০ অ্যাথলেট। টোকিও অলিম্পিকে ৫

হাজার মিটারে চতুর্থ হয়েছিলেন।



মিটার স্টিপলচেজে রুপা

করেছেন।'

মা–বাবার সঙ্গে সবাইকে নতুন বছরের শুভেচ্ছা জানিয়েছেন বাংলাদেশের পেসার তাসকিন আহমেদ

চুরি হলো ওয়ার্নারের ক্যাপ



আপনজন ডেস্ক: টেস্ট অভিষেকের দিন যে ক্যাপ পরিয়ে দেয়া হয়, অধিকাংশ ক্রিকেটাররাই সেটি সযত্নে রেখে দেন। পুরনো হয়ে গেলেও ক্যারিয়ারজুড়ে সেই টুপি পরেই সাদা পোশাকের ক্রিকেট খেলেন। ডেভিড ওয়ার্নারও অভিষেক ম্যাচে পাওয়া ব্যাগি গ্রিন পরেই ১২ বছরের টেস্ট ক্যারিয়ার রাঙিয়েছেন। পাকিস্তানের বিপক্ষে নিজের বিদায়ী টেস্টের আগে অসংখ্য অর্জনের সাক্ষী ওয়ার্নারের সেই সবুজ টুপিটি চুরি হয়ে গিয়েছে। নিজের ক্যাপ ফেরত পেতে সোশ্যাল মিডিয়ায় ভিডিও বার্তা দিয়েছেন অজি ওপেনার। সিডনিতে আগামীকাল থেকে শুরু হবে অস্ট্রেলিয়া-পাকিস্তানের তিন ম্যাচ সিরিজের শেষ টেস্ট। তার আগে ওয়ার্নার ব্যাগি গ্রিন হারান মেলবোর্ন থেকে সিডনি যাওয়ার এক ফ্লাইটে। ক্যাপ হারিয়ে ইনস্টাগ্রামে অজি ওপেনার আবেগঘন এক ভিডিও বার্তা দেন। তিনি বলেন, 'এটা আমার শেষ অবলম্বন। কিন্তু আমার যে ব্যাগপ্যাকে ব্যাগি গ্রিন ছিল, লাগেজ থেকে সেটা নিয়ে নেয়া হয়েছে। কয়েক দিন আগে যা মেলবোর্ন বিমানবন্দর থেকে সিডনিতে যায়। এটার সঙ্গে আমার আবেগ জড়িত। এটা এমন একটি কিছু যা আমি ফিরে পেতে চাই।' ওয়ার্নার বলেন, 'যদি এই ব্যাগপ্যাকটিই আপনি চেয়ে থাকেন, আমার কাছে অতিরিক্ত একটা আছে। আপনি কোনো সমস্যায় পড়বেন না, শুধু আমার কিংবা ক্রিকেট অস্ট্রেলিয়ার (সিএ) সঙ্গে যোগাযোগ করুন। আপনি যদি ব্যাগি গ্রিন ফেরত দেন, আমি আপনাকে আমার এই ব্যাগপ্যাক

খুশি মনে দিয়ে দেব।'



